১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh


e-paper.eaiamardesh.com

www.eaiamardesh.com






শনিবার | ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ২০২ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ২১ শ্রাবণ ১৪৩০ ॥ ১৭ মহররম ১৪৪৫ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ০৫ আগস্ট ২০২৩

## আজ শহীদ শেখ কামালের ৭৪তম জন্মবার্ষিকী

**নিজস্ব প্রতিবেদক :** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র, মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক এবং ক্রীড়া ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব শহীদ শেখ কামালের ৭৪তম জন্মবার্ষিকী আজ।
১৯৪৯ সালের এই দিনে তিনি তদানীন্তন গোপালগঞ্জ মহকুমার টুঙ্গীপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন। ১৯৭৫ সালের ১৫ আগস্টের কালরাতে বিপথগামী একদল সেনাকর্মকর্তার নির্মম বুলেটে মাত্র ২৬ বছর বয়সে শাহাদাতবরণ করেন তিনি।
দিনটি পালন উপলক্ষে আওয়ামী লীগসহ বিভিন্ন ক্রীড়া ও সামাজিক-সাংস্কৃতিক সংগঠন বিস্তারিত কর্মসূচি গ্রহণ করেছে।
আওয়ামী লীগ এবং সহযোগী সংগঠন ২-এর পাতায় দেখুন

## বাংলাদেশে তত্ত্বাবধায়ক সরকার প্রশ্নে মন্তব্য করেনি ভারত

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশের সংসদীয় নির্বাচন পরিকল্পনামতো হোক-এমনটা চায় ভারত। একই সঙ্গে চায় নির্বাচন হোক শান্তিপূর্ণ ও সহিংসতামুক্ত। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র অরিন্দম বাগচি বৃহস্পতিবার (৩ জুলাই) সাপ্তাহিক ব্রিফিংয়ে ২-এর পাতায় দেখুন



## বিএনপি ডেঙ্গুর চেয়েও মারাত্মক, ডেঙ্গুর মতো তাদেরকেও প্রতিরোধ করতে হবে

**নিজস্ব প্রতিবেদক :** তথ্যমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, 'বিএনপি অনেক ক্ষেত্রে ডেঙ্গুর চেয়েও মারাত্মক। ডেঙ্গু মশা মানুষকে কামড়ায় আর বিএনপি আগুন দিয়ে জীবন্ত মানুষ পোড়ায়, গাড়ি-ঘোড়া পোড়ায়। তাই ডেঙ্গুর মতো বিএনপিকেও প্রতিরোধ করতে হবে।'



## ভারত, যুক্তরাষ্ট্র কী বললো তা নিয়ে বিএনপি ভাবে না

**নিজস্ব প্রতিবেদক :** ভারত, যুক্তরাষ্ট্র কী বললো তা নিয়ে বিএনপি ভাবে না উল্লেখ করে দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, 'ভারত, যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য কী বললো তা নিয়ে আমাদের মাথা ঘামানোর দরকার নেই, আমাদের দরকার মানুষ কী বলে।'



### ১০০ আসন নিয়ে আওয়ামী লীগের মাথাব্যথা

# শেখ হাসিনা কাল রোডম্যাপ ঘোষণা করবেন

**নিজস্ব প্রতিবেদক :** আগামী জাতীয় সংসদ নির্বাচনের প্রস্তুতি গ্রহণ করছে আওয়ামী লীগ। আগামীকাল ৬ আগস্ট আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির বর্ধিত সভা অনুষ্ঠিত হবে। এই বর্ধিত সভায় আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোডম্যাপ ঘোষণা করবেন বলে ধারণা করা হচ্ছে। এই নির্বাচনের সুনিদিষ্ট রূপরেখা ঘোষণার পাশাপাশি দলকে ঐক্যবদ্ধ রাখা এবং




একজন প্রার্থীর বিরোধীতা না করার নির্দেশনা প্রধানমন্ত্রী এবং আওয়ামী লীগ সভাপতি দিবেন বলে আওয়ামী লীগের দায়িত্বশীল সূত্রগুলো জানিয়েছে।
ইতিমধ্যে আওয়ামী লীগ সারা দেশে একাধিক মাঠ পর্যায়ের জরিপ করেছে। আর এ সমস্ত জরিপে দেখা যাচ্ছে যে অন্তত ১০০ টি আসন আছে যেখানে আওয়ামী লীগ অন্তঃকলহে জর্জরিত। দলের ২-এর পাতায় দেখুন

## 'ডিপ্লোমেটিক ট্র্যাপে' বিএনপি?

**নিজস্ব প্রতিবেদক :** বিএনপি সরকার বিরোধী এক দফা আন্দোলন করেছিল অনেকটা কূটনীতিকদের দিকে তাকিয়ে। কূটনীতিকরা আগামী নির্বাচন অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ, অংশগ্রহণমূলক দেখতে চান- এ রকম বক্তব্যে উল্লোসিত বিএনপি সরকারের বিরুদ্ধে লাগাতার কঠোর আন্দোলনের ঘোষণা দিয়েছিল। কূনীতিকদের কারণেই বিএনপি রাজপথে আন্দোলনকে বেগবান করেছিল। বিএনপির ধারণা ছিল, কূটনৈতিকরা যদি চাপ অব্যাহত রাখে, তাহলে রাজেপথের আন্দোলন এবং কূটনৈতিকদের চাপ যৌথভাবে সরকারকে বেকায়দায় ফেলবে এবং সরকার চাপে পড়বে। এরকম বাস্তবতায় বিএনপির মধ্যে এক ধরনের আশাবাদ তৈরি হয়েছিল।
বিএনপি নেতারা বলছিলেন, এবার ২০১৪ এবং



২০১৮'র মতো নির্বাচন হবে না। বিদেশিরা এ নির্বাচন মেনে নিবে না। বিশেষ করে মার্কিন ভিসা নীতির পর বিএনপির মধ্যে এক ধরনের উল্লাস লক্ষ্য করা গেছে। কিন্তু এখন বিএনপির মধ্যেই সন্দেহের তীর দানা বেধে ওঠছে। বিএনপির নেতারাও কেউ কেউ বলছেন, তাদেরকে কি ফাঁদে ফেলা ২-এর পাতায় দেখুন



## বঙ্গোপসাগরের ফিশিং বোট থেকে ১১ জন জেলেকে জীবিত উদ্ধার করলো কোস্ট গার্ড

**শিহাব উদ্দীন রুবেল, বাগেরহাট :** বঙ্গোপসাগরে ইঞ্জিন বিকল হয়ে ভাসতে থাকা ফিশিং বোট থেকে ১১ জন জেলেকে জীবিত উদ্ধার করেছে কোস্ট গার্ড। শুক্রবার বিকেলে কোস্ট গার্ড সদর দপ্তরের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার আব্দুর রহমান এ তথ্য ২-এর পাতায় দেখুন

## প্রধানমন্ত্রীর পরামর্শে শৈলকুপা উপজেলা আওয়ামী লীগের কমিটি হস্তান্তর

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশ আওয়ামী লীগের সভানেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনার পরামর্শে ঝিনাইদহের শৈলকুপা উপজেলা আওয়ামী লীগের কমিটির অনুলিপি হস্তান্তর করা হয়েছে। বৃহস্পতিবার নবগঠিত কমিটির নেতৃবৃন্দের হাতে কমিটির অনুলিপি তুলে দেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই এমপি।



কমিটিতে মতিয়ার রহমান সভাপতি, নাসির খান সহ-সভাপতি, এম আব্দুল হাকিম আহমেদ সাধারণ সম্পাদক, শামীম হোসেন মোল্লা, রেজাউল ইসলাম রাজু, ও ব্যারিস্টার তানভীর হাসান জিসান হাই যুগ্ম সাধারণ সম্পাদক এবং সরোয়ার জাহান বাদশা সদস্য মনোনীত হয়েছেন।
২০২২ সালের ৮ নভেম্বর ২-এর পাতায় দেখুন

## ৭ আগস্ট ঢাকায় সমাবেশ করবে ১৪ দল

**নিজস্ব প্রতিবেদক :** আগামী ৭ আগস্ট ঢাকায় সমাবেশ করবে আওয়ামী লীগ নেতৃত্বাধীন ১৪ দল। ওইদিন বিকালে রাজধানীর বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ের সামনে এই সমাবেশ হবে। আন্দোলনের নামে বিএনপির 'সন্ত্রাস ও নৈরাজ্যের' প্রতিবাদে সপ্তাহব্যাপী সমাবেশ, মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচির অংশ হিসেবে এই সমাবেশের আয়োজন করা হবে।
গতকাল শুক্রবার বিকালে বঙ্গবন্ধু অ্যাভিনিউর আওয়ামী লীগ কার্যালয়ে ২-এর পাতায় দেখুন

## পান্না কায়সার আর নেই প্রধানমন্ত্রীর শোক

**নিজস্ব প্রতিবেদক :** বরেণ্য লেখক-গবেষক, বুদ্ধিজীবী, শিশু-কিশোর আন্দোলনের পুরোধা ব্যক্তিত্ব, সাংস্কৃতিক সংগঠক, সাবেক সংসদ সদস্য শহীদজায়া অধ্যাপক পান্না কায়সার আর নেই (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।
গতকাল শুক্রবার সকাল ৮টায় রাজধানীর ইউনাইটেড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।
পান্না কায়সার শহীদ বুদ্ধিজীবী শহীদুল্লাহ কায়সারে স্ত্রী ছিলেন। তিনি অভিনেত্রী শমী কায়সারের মা। তার মৃত্যুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা শোক জানিয়েছেন।




১৯৬৯ সালের ১৭ ফেব্রুয়ারি শহীদুল্লাহ কায়সারের সঙ্গে সঙ্গে তার বিয়ে হয়। সেদিন ঢাকা শহরে কার্ফিউ ছিল। পুরো ২-এর পাতায় দেখুন

## শেখ কামাল ছিলেন স্বাধীন বাংলাদেশের এক উজ্জ্বল নক্ষত্র : আব্দুল হাই এমপি

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, ঝিনাইদহ-১ শৈলকুপা আসনের সংসদ সদস্য, স্বাধীনতা যুদ্ধে ঝিনাইদহে বাংলাদেশের প্রথম পতাকা উত্তোলনকারী, সাবেক প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই এমপি বলেছেন, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ





মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র শেখ কামাল ছিলেন স্বাধীন বাংলাদেশের ক্রীড়া জগতের এক উজ্জ্বল নক্ষত্র। দেশ স্বাধীনের পূর্বেই তিনি আবাহনী সমাজকল্যাণ সংস্থা গঠন করেন। মুক্তিযুদ্ধ থেকে ফিরে এসে আবাহনী ক্রীড়াচক্র প্রতিষ্ঠা করেন। ফুটবলের পাশাপাশি আবাহনী

## আগস্টের আরেক কলঙ্ক ইনডেমনিটি অধ্যাদেশ

**নিজস্ব প্রতিবেদক :** ৭৫' এর ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যা করা ছিল ইতিহাসের জঘন্যতম একটি কান্ড। রাজনৈতিক প্রতিহিংসায় এভাবে হত্যা করা ইতিহাসে নজিরবিহীন। তবে আগস্টে আরেকটি বর্বরোচিত ঘটনার সাক্ষী হয়ে আসে বাংলাদেশ। সেটি হল ইনডেমনিটি অধ্যাদেশ।
১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির পিতাকে সপরিবারে কেবল হত্যাই করা হয়নি। এই হত্যায় বিচারের পথ রোধ করা হয়েছিল। ৭৫' এর ২৬ সেপ্টেম্বর খুনি মোশতাক ইনডেমনিটি অধ্যাদেশ জারি করেন। এই অধ্যাদেশে বলা হয়েছিল যে, বঙ্গবন্ধুর হত্যার সঙ্গে যারা জরিত আছে তাদের বাংলাদেশে বা বিদেশের কোন আদালতে কোন বিচার করা যাবে না। অর্থাৎ বিচারের উর্ধে রাখা হয় আত্মস্বীকৃত খুনিদের। ৭৫' এর ২৬ সেপ্টেম্বর ৫০ নম্বর অধ্যাদেশের মাধ্যমে যে অধ্যাদেশটি জারি করা হয়েছিল জিয়াউর রহমান এসে সেই অধ্যাদেশ বাতিল করেননি। শুধু তাই নয় সংবিধানের ৫ম সংশোধনীর মাধ্যমে এটিকে বৈধতা দিয়েছিলেন জিয়াউর রহমান। ১৯৮২ সালে হুসেইন মুহাম্মদ এরশাদ ক্ষমতায় আসার পরও এই অধ্যাদেশ বাতিল করেননি। এরপর ১৯৯০ সালে স্বৈরাচারের ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে গ্রাহক সেবা নিশ্চিতে ক্যাশলেস ভুমি অফিস বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিবেদক :** স্মার্ট ভূমি সেবা ও ক্যাশলেস ভূমি অফিস বাস্তবায়নে ঝিনাইদহে মাঠপর্যায়ে ভূমি কর্মকর্তাদের প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার ঝিনাইদহ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে ভূমি মন্ত্রনালয়ের সহযোগীতায় এ কর্মশালার আয়োজন করে জেলা প্রশাসন। কর্মশালায় ভার্চুয়ালি প্রধান অতিথি হিসেবে যোগ দিয়ে উদ্বোধন করেন ভূমি মন্ত্রণালয়ের সচিব মোঃ খলিলুর রহমান। জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম'র সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন (ভাচুয়ালি) খুলনা বিভাগীয় কমিশনার হেলাল মাহমুদ শরিফ, ভূমি সংস্কার বোর্ডের অতিরিক্ত সচিব শশাঙ্ক শেখর ভৌমিক, ২-এর পাতায় দেখুন




## এ বছর ২৭০০ টন আম রপ্তানি হয়েছে

**নিজস্ব প্রতিবেদক :** এ বছর এখন পর্যন্ত দুই হাজার ৭০০ টন আম রপ্তানি হয়েছে। যা গত বছরের তুলনায় এক হাজার টন বেশি। গত বছর মোট এক হাজার ৭৫৭ টন আম রপ্তানি হয়েছিল। গত বছর আম রপ্তানি হয়েছিল ২৮টি দেশে। এ বছর ৩৪টি দেশে আম রপ্তানি হয়েছে। এরমধ্যে সবচেয়ে বেশি যুক্তরাজ্যে এক হাজার ২৫৬ টন, ইতালিতে ২৯৬ টন, সৌদি আরবে ২৬০ টন, সংযুক্ত আরব আমিরাতে ১৩৭ টন, কাতারে ১১১ টন, সিঙ্গাপুরে ৫৫ টন, সুইজারল্যান্ডে ১৪ টন, জার্মানিতে ৭০ টন, ফ্রান্সে ৮৫ টন, সুইডেনে ৬৫ টন, কুয়েতে ২১৮ টন, কানাডায় ৪০ টন আম রপ্তানি হয়। দেশে বছরে প্রায় ২৫ লাখ টন আম উৎপাদন হয়। কিন্তু উৎপাদনের তুলনায় রপ্তানির পরিমাণ অনেক কম। ২০১৭-১৮ সালে মাত্র ২৩২ টন, ২০১৮-১৯ সালে ৩১০ টন, ২০১৯-২০ সালে ২৮৩ টন, ২০২০-২১ সালে এক হাজার ৬৩২ টন, ২০২১-২২ সালে এক হাজার ৭৫৭ টন আম রপ্তানি হয়েছে। বিশ্ববাজারে দেশের আমের বিপুল চাহিদা থাকলেও উত্তম কৃষি চর্চাসহ বিভিন্ন আন্তর্জাতিক মানদণ্ড মেনে আম উৎপাদন ও প্যাকেজিং না হওয়ায় রপ্তানির পরিমাণ কম। এজন্য রপ্তানি বাড়াতে কৃষি মন্ত্রণালয় রপ্তানিযোগ্য ২-এর পাতায় দেখুন

## মেহেরপুরে একই পরিবারের ৫ সদস্যের ধর্মান্তরিত হয়ে ইসলাম ধর্ম গ্রহণ

**মেহেরপুর প্রতিবেদক:** মেহেরপুর সদর উপজেলা চাঁদবিল গ্রামের একই পরিবারের ৫ সদস্য ধর্মান্তরিত হয়ে সনাতন ধর্ম থেকে ইসলাম ধর্ম গ্রহণ করেছেন। ধর্মান্তর হওয়া ৫ ব্যক্তি হলেন মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল গ্রামের দুলাল দাসের ছেলে বুদু দাস, বুদু দাসের স্ত্রী আলমতি, কন্যা রজনী, বৃষ্টি এবং সৃষ্টি। নোটারি পাবলিক এর মাধ্যমে একই পরিবারের এই ৫ সদস্য হিন্দু ধর্ম ত্যাগ করে মুসলিম ধর্ম গ্রহন করেন। শুক্রবার সকালে



তারা স্থানীয় মসজিদের ২-এর পাতায় দেখুন

## শৈলকুপায় দুই মোটর সাইকেলের সংঘর্ষে স্কুলছাত্র নিহত



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের শৈলকুপায় দুই মোটর সাইকেলের মুখোমুখি সংঘর্ষে মাহিন হোসেন (১৬) নামের এক স্কুলছাত্র নিহত হয়েছে। এ ঘটনায় আহত হয়েছে আরও ৩ জন। শুক্রবার সন্ধ্যায় শৈলকুপা উপজেলার ভাটই বঙ্গবন্ধু মেমোরিয়াল কলেজ এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত মাহিন হরিণাকুন্ডু উপজেলার মকিমপুর গ্রামের মনোয়ার হোসেনের ছেলে।
নিহতের ফুপাতো ভাই সেলিম হোসেন জানান, শুক্রবার বিকেলে হরিণাকুন্ডু উপজেলার জোড়াদহ ইউনিয়নের হরিশপুর গ্রাম থেকে মোটরসাইকেলে বাড়ি ফিরছিলো মাহিন হোসেন। পথে ঘটনাস্থলে পৌঁছালে বিপরীত দিক থেকে ২-এর পাতায় দেখুন

## সমাবেশের অনুমতি না পেয়ে জামায়াতের কর্মসূচি

**নিজস্ব প্রতিবেদক :** গতকাল ৪ আগস্ট সোহরাওয়ার্দী উদ্যানে সমাবেশ করার ঘোষণা দিয়েছিল জামায়াতে ইসলামী। কিন্তু আজকের সমাবেশেও অনুমতি না পাওয়ায় আগামী ৬ আগস্ট বিভাগীয় শহরে বিক্ষোভ মিছিল ও কর্মসূচি ঘোষণা করেছে দলটি।
শুক্রবার (৪ আগস্ট) এক সংবাদ সম্মেলনের মাধ্যমে নতুন এ কর্মসূচি ঘোষণা করেন জামায়াতে ইসলামীর নায়েবে আমীর ও সাবেক সংসদ সদস্য ডা. সৈয়দ আব্দুল্লাহ মুহাম্মদ তাহের। তিনি বলেন, গতকাল ৪ আগস্ট ২-এর পাতায় দেখুন




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক
# এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

শনিবার ০৫ আগস্ট ২০২৩

# বিপুল টাকা গচ্চা গেলেও চালু করা যাচ্ছে না বাহাদুরাবাদ-বালাসীঘাট ফেরি সার্ভিস

**নিজস্ব প্রতিবেদক :** সরকারের বিপুল টাকা গচ্চা গেলেও চালু করা যাচ্ছে না বাহাদুরাবাদ-বালাসীঘাট ফেরি সার্ভিস। অথচ এ সার্ভিসটি চালু হলে বৃহত্তর ময়মনসিংহের সঙ্গে উত্তরাঞ্চলের যোগাযোগ সহজ হতো। ওই ফেরি সার্ভিস চালু করতে জামালপুরের দেওয়ানগঞ্জ উপজেলার ফুটানীবাজারে নির্মাণ করা হয়েছে বাহাদুরাবাদঘাট নৌ-টার্মিনাল। একই সঙ্গে যমুনা নদী খননে নেয়া হয় পৃথক প্রকল্প। কয়েক দফায় ব্যয় বাড়িয়ে প্রায় পৌনে ২০০ কোটি টাকার কাজ ২০২০ সালের জুন মাসে শেষ হয়। কিন্তু প্রকল্পের কাজ সম্পন্ন হওয়ার পরপরই বিআইডব্লিউটিএ'র পক্ষ থেকে সাফ জানিয়ে দেয় যমুনা নদীতে খননকৃত চ্যানেল অর্থাৎ বাহাদুরাবাদ-বালাসী নৌপথটি ফেরি চলাচলের উপযোগী নয়। ফলে গত তিন বছরেও চালু হয়নি ফেরি সার্ভিস। আর তালাবদ্ধ ও পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে যমুনার দুই পাড়ের নৌ-টার্মিনাল।



সংশ্লিষ্ট সূত্র মতে, বঙ্গবন্ধু সেতুর ওপর যানবাহনের চাপ কমাতে ২০১৪ সালে বাহাদুরাবাদ-বালাসীঘাটে নৌরুট ও ফেরিঘাট চালুর লক্ষ্যে অবকাঠামো নির্মাণ করা হয়। ২০১৭ সালের অক্টোবরে একনেকের সভায় বাহাদুরাবাদ-বালাসী নৌপথ আবারো চালু করতে ফেরিঘাট নির্মাণ প্রকল্পের অনুমোদন দেওয়া হয়। প্রথমে প্রকল্পের ব্যয় ধরা হয় ১২৪ কোটি ৭৭ লাখ টাকা। পরে কয়েক দফায় ব্যয় বাড়িয়ে দাঁড়ায় প্রায় পৌনে ২০০ কোটি টাকা। আর দেওয়ানগঞ্জের বাহাদুরাবাদ (ফুটানীবাজার) ও গাইবান্ধার ফুলছড়ি উপজেলার বালাসীঘাটের দুই পাড়ে নির্মিত হয় নৌ-টার্মিনাল ও নয়নাভিরাম অবকাঠামো। এ প্রকল্পের আওতায় বাস টার্মিনাল, টোল আদায় বুথ, পুলিশ ব্যারাক, ফায়ার সার্ভিস, আধুনিক ডিজাইনের মসজিদ, খাবার হোটেল, আনসার ব্যারাকসহ বেশ কিছু স্থাপনা নির্মাণ করা হয়।

## বরগুনায় ইলিয়াসের হাতে এক রাতে দুই শিশু খুন

**মোঃ নাজমুল হোসেন বিজ, বরগুনা প্রতিনিধি :** বরগুনা সদর উপজেলার ফুলঝুরি ইউনিযনের গুদিঘাটা গ্রামে একটি বাড়িতে হাফিজুর (১০) নামে একটি শিশু খুন হয়েছে। অপরজনকে গুরুতর অবস্থায় বরিশাল শের-ই- বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে নেয়ার পথে মৃত্যু হয়।

জানা যায়, রিগান নামে এক মহিলা স্বামীর সাথে দীর্ঘদিন যাবৎ বাবার বাড়িতে ২ বছর ৯ মাস বয়সের শিশু কন্যাসন্তানকে নিয়ে অবস্থান করছিলো। শিশু সন্তান নিয়ে নির্জন বাড়িতে থাকতে ভয় লাগছিলো বলে পাশের বাড়ির হাফিজুর (১০) নামে একটি ছেলে তাদের ঘরে এসে ঘুমায়। বৃহস্পতিবার রাত আনুমানিক ১২ টার দিকে রিগানের দুলাভাই অর্থাৎ বড় বোনের স্বামী ইলিয়াস অসৎ উদ্দেশ্যে ঐ বাড়িতে এসে দরজা খুলতে বলে। রিগান নিজের নিরাপত্তার জন্য দরজা খুলতে অস্বীকৃতি জানালে দরজা ভেঙে ঘরে ঢুকে শ্যালিকা রিগানের সাথে ধস্তাধস্তির এক পর্যায়ে ঘরে ঘুমোতে আসা প্রতিবেশি হাফিজ বাধা দিতে গেলে তাকে কুপিয়ে হত্যা করে ইলিয়াস। রিগান ও রিগানের শিশু কন্যাটিকেও কুপিয়ে মারাত্মকাবে জখম করে। ওদের ডাক চিৎকার শুনে প্রতিবেশীরা এসে ইলিয়াসকে ধরে ফেলে।

উন্নত চিকিৎসার জন্য রিগান ও তার শিশু কন্যাকে বরিশাল শের-ই-বাংলা মেডিক্যাল কলেজ

২-এর পাতায় দেখুন

## পূর্নিমার জোয়ারের পানিতে বাগেরহাটের নিম্নাঞ্চল প্লাবিত, সহস্রাধিক পরিবার পানিবন্ধি

**শিহাব উদ্দীন রুবেল, বাগেরহাট :** পূর্নিমার জোয়ারে বাগেরহাটের ভৈরব, পানগুছি, পশুর, দড়াটানাসহ বিভিন্ন নদী ও খালের পানি বৃদ্ধি পেয়েছে। জোয়ারের পানিতে জেলার নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে। বিভিন্ন এলাকার অন্তত সহস্রাধিক বাড়িঘরে উঠে গেছে। বুধবার দুপুরের জোয়ারে হঠাৎ করে নদী-খালের পানি বৃদ্ধি পাওয়ায় এই পরিস্থিতির সৃষ্টি হয়েছে।



দুপুরে হাড়িখালি এলাকায় গিয়ে দেখা যায়, ভৈরব নদীর তীরে থাকা হাড়িখালি ও মাঝিডাঙ্গা এলাকার অন্তত ২০ টি বসত ঘর প্লাবিত হয়েছে। কারও কারও ঘরের মধ্যেও পানি উঠে গেছে। ছাগল ও গবাদি পশু ঘরের খাটের উপর রেখেছেন তারা। রান্না ঘরে পানি উঠে যাওয়ায়, খাবার বন্ধ

২-এর পাতায় দেখুন

## বাগেরহাটে জমি সংক্রান্ত বিরোধে স্বামী-স্ত্রী-ছেলেকে মারধর, বাড়িঘর ভাংচুর

**বাগেরহাট প্রতিনিধি :** বাগেরহাটের মোরেলগঞ্জ উপজেলার কচুবুনিয়া এলাকায় জমিসংক্রান্ত বিরোধের জেরে স্বামী-স্ত্রী ও ছেলেকে মারধর এবং বাড়িঘর ভাংচুরের ঘটনা ঘটেছে। এ ঘটনায় মারধরের শিকার আবুল কালাম আজাদ ১৬ জনের নাম উল্লেখ করে মোরেলগঞ্জ থানায় অভিযোগ দায়ের করেছেন।

আবুল কালাম আজাদ বলেন, আমার আপন দুই বোনের কাছ থেকে আমার ছেলে সজল মাহমুদ ৪৮ শতক জমি ক্রয় করেছে। গত শুক্রবার ওই জমি নিয়ে আমার বড় ভাই আব্দুর সবুর শেখ ও তার ছেলেদের সাথে বাকবিতন্ডা হয়। এক পর্যায়ে স্থানীয় জালাল শেখ, আবু বকর, রাকিব, আমার বড় ভাই আব্দুর সবুর শেখসহ ২৫-২৬ জন এসে আমাদের উপর হামলা করে। তারা আমাদের ঘরের বেরা ও জানালা ভেঙ্গে ফেলে। ঘরে ঢুকে ফার্নিচার, স্বর্নালংকার ও নগদ দুই লক্ষ টাকা

২-এর পাতায় দেখুন

## আবারও চট্টগ্রাম ওয়াসার এমডি ফজলুল্লাহ

**নিজস্ব প্রতিবেদক :** আবারও তিন বছরের জন্য চট্টগ্রাম ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক (এমডি) হিসেবে নিয়োগ পেয়েছেন প্রকৌশলী এ কে এম ফজলুল্লাহ। এ নিয়ে ষষ্ঠবারের মতো তিনি এই দায়িত্ব পেয়েছেন। গত বৃহস্পতিবার স্থানীয় সরকার বিভাগ থেকে তাকে নিয়োগ দিয়ে আদেশ জারি করা হয়েছে। উপসচিব মুস্তাফিজুর রহমান স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে

২-এর পাতায় দেখুন

## মেহেরপুরে র‍্যাবের অভিযানে ওয়ারেন্টভূক্ত আসামী গ্রেফতার

**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুরে মোঃ হকছেদ আলী (৫২) নামের এক ওয়ারেন্টভূক্ত আসামী গ্রেফতার করেছে র‍্যাব। ২ আগষ্ট গাংনী উপজেলার তেতুলবাড়ীয়ায় হকছেদ আলীর নিজ বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। হকছেদ আলী একই গ্রামের রতন কারীগরের ছেলে। জানা গেছে গোপন সাংবাদের ভিত্তিতে সিপিসি-মেহেরপুর ক্যাম্পের কমান্ডার সহাকারী পুলিশ সুপার মোঃ মনিরুজ্জামান এর নেতৃত্বে



র‍্যাবের একটি দল অদ্য ০২ আগষ্ট বিকাল ৬টার দিকে তেতুলবাড়ীয়ায় আসামীর নিজ বসত বাড়িতে অভিযান পরিচালনা করে। অভিযানে সিআর মামলা নং-৬৭১/২৩ (চুয়াডাঙ্গা সদর),

২-এর পাতায় দেখুন

## টাঙ্গাইলে স্বামীকে গাছের সঙ্গে বেঁধে স্ত্রীকে সংঘবদ্ধ ধর্ষণ, গ্রেপ্তার ৬

**নিজস্ব প্রতিবেদক :** টাঙ্গাইলের সখীপুরে স্বামীকে বেঁধে রেখে স্ত্রীকে সংঘবদ্ধভাবে ধর্ষণের ঘটনায় ছয়জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। এ ঘটনায় ধর্ষণের শিকার গৃহবধুর স্বামী বাদী হয়ে সখীপুর থানায় মামলা করেছেন। ধর্ষণের শিকার গৃহবধূকে ডাক্তারি পরীক্ষার জন্য টাঙ্গাইল জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে। গত বৃহস্পতিবার রাতে উপজেলার কচুয়া চাঁদেরহাট এলাকার স্বামীর সঙ্গে বেড়াতে গিয়ে ধর্ষণের শিকার হয় ওই গৃহবধূ। ঘটনার পরই অভিযান চালিয়ে নিজ নিজ বাড়ি থেকে ৬ ধর্ষককে গ্রেপ্তার করেছে পুলিশ। গ্রেপ্তাররা হলেন- উপজেলার হযরত আলীর ছেলে বুলবুল আহমেদ (২৪), ফরহাদ আলীর ছেলে মোহাম্মদ বাবুল (৩০),

২-এর পাতায় দেখুন

## চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের নিয়মিত সাপ্তাহিক সাহিত্য আসর পদধ্বনি অনুষ্ঠিত

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের নিয়মিত সাপ্তাহিক সাহিত্য আসর পদধ্বনি অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকাল ৫টায় চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের কার্যালয় কুঞ্জ আফিয়েতে সাপ্তাহিক পদধ্বনি অনুষ্ঠিত হয়। ১৪৯৯তম এই আসরে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল। স্বরচিত লেখা পাঠ করেন গোলাম কবীর মুকুল, রোকসানা জেবা, আনছার আলী, আবু নাসিফ খলিল, তপন কুমার পাল, মোঃ নুরুজ্জামান, ইদ্রিস মন্ডল, হোসেন মোহাম্মদ ফারুক,আশিকুজ্জামান আসাদ,,সুমন ইকবাল, কবি নজমুল হেলাল প্রমুখ। চিরায়ত সাহিত্য থেকে কবিতা আবৃত্তি করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান সহয়োগী অধ্যাপক খোন্দকার রোকনুজ্জামান এবং চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সহ সভাপতি এ্যাড. বজলুর রহমান । স্বরচিত লেখার উপর বিশদভাবে আলোচনা করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান সহয়োগী অধ্যাপক খোন্দকার রোকনুজ্জামান,চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল এ্যান্ড কলেজে ইংরেজি ইনস্ট্রাক্টর তপন কুমার পাল, চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক নজির আহমেদসহ সভাপতি আনছার আলী এবং গোলাম কবীর মুকুল। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সহ সাধারণ সম্পাদক



২-এর পাতায় দেখুন



## মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় সাংবাদিক সুমন আহত

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় সাংবাদিক এম এ হাসান সুমন গুরুত্বর আহত হয়েছেন। গতকাল বৃহস্পতিবার বিকালে মেহেরপুর শহরে এক সড়ক দুর্ঘটনা ঘটে। এম এ হাসান সুমন মুজিবনগর খবর ডট কম এর উপদেষ্টা সম্পাদক এবং এসএসসি ব্যাচ ৯৩ এর সদস্য। আহত সুমনের পায়ে রাতে অস্ত্রোপাচার করা হয়েছে। প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে কোর্ট মোড় এলাকা থেকে সাংবাদিক এম এ হাসান সুমন রিক্স যোগে বাড়ি যাওয়ার পথে প্রধান সড়কের মহিলা কলেজ মোড়ে

২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে বিএনপির প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত

**সম্রাট হোসেন :** বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও তার স্ত্রী ডা: জুবাইদা রহমান এর রায়ের প্রতিবাদে ঝিনাইদহে বিএনপির বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকালে ঝিনাইদহ পাবলিক লাইব্রেরী মাঠে এই বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। বিক্ষোভ সমাবেশে ঝিনাইদহ জেলা বিএনপির সহ সভাপতি ও সদর উপজেলা বিএনপির সভাপতি কামাল আজাদ পান্নুর সঞ্চালনায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি এ্যাড: এম এ মজিদ। এসময় আরো উপস্থিত ছিলেন জেলা বিএনপির সহ সভাপতি রাকিবুল ইসলাম দিপু,




২-এর পাতায় দেখুন

## ১৫ আগস্টে দেশে সাইবার হামলার হুমকি, সতর্কতা জারি

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশের সাইবার জগতে আগামী ১৫ আগস্ট বড় ধরনের হামলা চালানোর হুমকি দিয়েছে একটি হ্যাকারগোষ্ঠী। নিজেদেরকে ভারতের একটি হ্যাকারগোষ্ঠী দাবি করে হুমকিতে বাংলাদেশের পাশাপাশি পাকিস্তানেও সাইবার আক্রমণের ঘোষণা দেয়া হয়। গত ৩১ জুলাই আক্রমণের হুমকি দিয়ে এতে পাকিস্তান ও বাংলাদেশের সাইবার জগতে ঝড়ের গতিতে আক্রমণ করে সাইবার জগত ধ্বংসের হুমকি দেয়া হয়।

এমন বাস্তবতায় গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো (সিআইআই) সহ দেশের সব ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, স্বাস্থ্যখাত, বিদ্যুৎ ও জ্বালানি সহ সব সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানকে সতর্ক হওয়ার পরামর্শ দেয়া হয়েছে।

গতকাল শুক্রবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের (আইসিটি) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের (বিসিসি) আওতাধীন সরকারের কম্পিউটার ইন্সিডেন্ট রেসপন্স টিম (বিজিডি ই-গভ সার্ট) এই তথ্য জানায়।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, ধর্মীয় ও ভিন্ন মতাদর্শে উদ্বুদ্ধ একটি হ্যাকারগোষ্ঠী বিগত ৩১ জুলাই আগামী ১৫ আগস্ট বাংলাদেশের সাইবার জগতে বড় ধরনের হামলার হুমকি দিয়েছে। এর

২-এর পাতায় দেখুন

## ডেঙ্গুতে ১০ জনের মৃত্যু হাসপাতালে ভর্তি ১৭৫৭

**নিজস্ব প্রতিবেদক :** ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় সারাদেশে ১০ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছর ডেঙ্গু আক্রান্ত হয়ে মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ২৯৩ জনে। এছাড়া গত ২৪ ঘণ্টায় নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছেন এক হাজার ৭৫৭ জন। এর আগে গত ৩০ জুলাই একদিনে দুই হাজার ৭৩১ জন হাসপাতালে ভর্তি হন, যা একদিনে এ বছরের মধ্যে সর্বোচ্চ। গতকাল স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের ইনচার্জ মো. জাহিদুল ইসলামের সই করা ডেঙ্গুবিষয়ক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তর জানায়, বৃহস্পতিবার (৩ আগস্ট) সকাল ৮টা থেকে শুক্রবার সকাল ৮টা পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে দেশের বিভিন্ন সরকারি-বেসরকারি হাসপাতালে ভর্তি হয়েছেন



২-এর পাতায় দেখুন

## রাজধানীতে মুষলধারে বৃষ্টি, কমলো তাপমাত্রা

**নিজস্ব প্রতিবেদক :** রাজধানীতে গতকাল শুক্রবার সকাল থেকেই আকাশ ছিল মেঘলা। এরপর দুপুর ১২ নাগাদ কিছুকিছু এলাকায় শুরু হয় বৃষ্টি। আস্তে আস্তে বাড়তে শুরু করে বৃষ্টির পরিমাণ। মুষলধারে ঝরে বৃষ্টি। রাজধানীজুড়েই চলে এই বৃষ্টি। এতে একেবারেই কমে যায় কদিনের তাপপ্রবাহ। আবহাওয়া অধিদপ্তর জানায়, উত্তর ছত্রিশগড় এবং আশপাশের এলাকায় অবস্থানরত মৌসুমি নিম্নচাপটি পশ্চিম-উত্তর পশ্চিম দিকে অগ্রসর ও দুর্বল হয়ে উত্তর ছত্রিশগড় এবং উত্তর-পূর্ব

২-এর পাতায় দেখুন

## শ্যালিকাকে ধর্ষণচেষ্টায় ব্যর্থ হয়ে দুই শিশুকে কুপিয়ে হত্যার অভিযোগ

**নিজস্ব প্রতিবেদক :** বরগুনায় শ্যালিকাকে ধর্ষণচেষ্টায় ব্যর্থ হয়ে দুলাভাই দুই শিশুকে কুপিয়ে হত্যা করেছেন বলে অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় আহত হয়েছেন ওই নারী। বৃহস্পতিবার গভীর রাতে বরগুনা সদর উপজেলার একটি গ্রামে এ ঘটনা ঘটে।

নিহত দুই শিশুর মধ্যে এক ছেলেশিশুর বয়স ১৩ বছর। অপর মেয়েশিশুর বয়স ৩ বছর। এ ঘটনায় অভিযুক্ত ইলিয়াস পহলানকে (৩০) আটক করেছে পুলিশ।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, শ্যালিকাকে দীর্ঘদিন ধরে তাঁর দুলাভাই ইলিয়াস পহলান উত্ত্যক্ত করে আসছিলেন। গতকাল বৃহস্পতিবার রাতের খাবার খেয়ে তিন বছরের শিশুকন্যা ও প্রতিবেশী এক শিশুকে নিয়ে ঘুমিয়ে পড়েন ওই নারী। গভীর রাতে তাঁর ঘরে ঢুকে ইলিয়াস তাঁকে ধর্ষণের চেষ্টা করেন। এতে বাধা দিলে ইলিয়াস ক্ষুব্ধ হয়ে ঘরে থাকা দা দিয়ে দুই শিশুকে কোপান। একপর্যায়ে শ্যালিকাকে কুপিয়ে পালিয়ে যান ইলিয়াস। ঘটনাস্থলেই প্রতিবেশী শিশুটি মারা যায়। আর হাসপাতালে নেওয়ার পথে ওই নারীর মেয়েশিশুটির মৃত্যু হয়। আহত নারীকে

২-এর পাতায় দেখুন

## বৈরী আবহাওয়া ও পূর্ণিমার প্রভাবে প্লাবিত হচ্ছে সুন্দরবনের নিম্নাঞ্চল

**সিহাব উদ্দীন রুবেল :** টানা চারদিন ধরে অস্বাভাবিক জোয়ারের পানিতে তলিয়ে যাচ্ছে সুন্দরবন পূর্ব বনবি-ভাগের দুবলার চর ও দেশের একমাত্র বন্যপ্রণী প্রজনন কেন্দ্র এবং পর্যটন কেন্দ্র করমজল। এতে এখনো পর্যন্ত বনবিভাগের কোনো স্থাপনার ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি। বনের কোথাও কোনো বন্যপ্রাণীর ক্ষয়ক্ষতি হয়েছে কিনা সেটি নিশ্চিত করতে পারেনি বনবিভাগ। এদিকে চাঁদপাই রেঞ্জের করমজল পর্যটন ও বন্যপ্রাণী প্রজনন কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ আজাদ কবির বলেন চারদিন ধরে অস্বাভাবিক জোয়ারে প্লাবিত হচ্ছে করমজল। করমজলের রাস্তার উপরে দেড় ফুট আর বনের অভ্যন্তরে ৩ থেকে ৪ ফুট উচ্চতার জলোচ্ছ্বাসে প্লাবিত হচ্ছে। পূর্ণিমার গোনে সাধারণত জোয়ারের পানি বেড়ে থাকে। কিন্তু এবার মূলত সাগরে নিম্নচাপ-লঘুচাপের প্রভাবের কারণে পানির চাপও বেড়েছে। তিনি বলেন



২-এর পাতায় দেখুন



## মেহেরপুর জেলা আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্ম লীগের আহবায়ক কমিটি গঠন

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুর জেলা আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্ম লীগের ১৯ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটির অনুমোদন দেওয়া হয়েছে। গত ৩১ জুলাই বাংলাদেশ আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্ম লীগের সভাপতি এ্যাড. আসাদুজ্জামান দুর্জয় ও সাধারণ সম্পাদক

২-এর পাতায় দেখুন



## অভয়নগরে ২৭ বছর ধরে রেডিওর নিয়মিত শ্রোতা মোল্যা নাসির

**অভয়নগর প্রতিনিধি :** যশোরের অভয়নগরে' সচরাচর দেখানামিললেও রেডিও (বেতার) শোনার শ্রোতাহারিয়েযায়নি। এখনওশহর থেকে গ্রামের প্রত্যন্ত এলাকায় রয়েছে অসংখ্য রেডিও শ্রোতা। যারা নিয়মিত শুনেন রেডিও বাংলাদেশসহ বিভিন্ন দেশের অনুষ্ঠান। নারীবা পুরুষ কণ্ঠে ভেসেঅ াসা শব্দ তরঙ্গের অনুভূতি বর্তমান প্রজন্ম বুঝবেনা।' রেডিও সম্পর্কে শুক্রবার সকালে কথাগুলো বলছিলেন, উপজেলার নওয়াপাড়া গ্রামের পাঁচকবর এলাকারবাসিন্দা মোল্যানাসির উদ্দিন।মোল্যানাসির উদ্দিন পাঁচকবর এলাকার মৃত রুস্তম আলী মোল্যার ছেলে। তিনি উপজেলার শিল্প-বানিজ্য ও বন্দরনগরী নওয়াপাড়া বাজারের

২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই)**,ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।**। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮**

## সম্পাদকীয়

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

# বন্যার জন্য নিতে হবে আগাম প্রস্তুতি

শ্রাবণ মাসের শুরু থেকে প্রায় প্রতিদিনই রাজধানী ঢাকাসহ দেশের কোথাও না কোথাও মাঝারি আকারের বৃষ্টিপাত হচ্ছে। সেই সাথে প্রায় সবগুলো প্রধান নদনদীর পানি হু হু করে বেড়ে চলেছে। বিপদসীমা পেরিয়ে তিস্তার পানি বৃদ্ধি অব্যাহত থাকায় দেশের উত্তরাঞ্চলে এরইমধ্যে বন্যা পরিস্থিতি সৃষ্টি হয়েছে। বাংলাদেশে প্রতিবছরই ২০ থেকে ২৫ শতাংশ এলাকা বন্যায় ডুবে যায় ভৌগোলিক অবস্থানের কারণে। এতে করে বাস্তুহারা হয়ে পড়ে কয়েক লক্ষ মানুষ। জলবায়ু পরিবর্তনের কারণে বাংলাদেশের উজানে ভারতের বিভিন্ন জায়গায় ভবিষ্যতেও বৃষ্টির পরিমাণ আরও বাড়বে। ফলে আগামীতে বন্যার পরিস্থিতি আরো ভয়াবহরুপ ধারণ করবে। বন্যার কারণে বন্যাকবলিত এলাকা বিদ্যুৎহীন হয়ে পরে,রাস্তাঘাট পানিতে ডুবে ওইসব এলাকার সাথে যোগাযোগ পুরোপুরি বিচ্ছিন্ন হয়ে পড়ে। মানুষের গরু, হাঁস, মুরগি, মাছের খামার, গবাদিপশু, ঘরের আসবাবপত্র, গোলার ধান সব পানিতে ভেসে যায় ফলে সৃষ্টি হয় খাদ্য সঙ্কট। আবহাওয়া অধিদপ্তরের সূত্রমতে, ভারতের চেরাপুঞ্জিতে ২০০ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। পাউবো সূত্রে জানা যায়, একই দিনে সুনামগঞ্জে সুরমা নদীর পানি ৯১ সেন্টিমিটার বৃদ্ধি পেয়েছে। এ ছাড়া ভারতের মেঘালয়ে অতিবৃষ্টির কারণে উজান থেকে ঢল নেমে আসছে। ফলে, সীমান্তবর্তী এলাকা দিয়ে সুরমা, কুশিয়ারা, রক্তি, কালনী, ধোপাজান ও জাদুকাটা নদী দিয়ে বিভিন্ন হাওড়ে ঢলের পানি প্রবেশ করছে। তাই নদীর পানি বৃদ্ধি পাচ্ছে। ২০২২ সালেও এভাবেই অতিবৃষ্টি আর পাহাড়ি ঢলে সুনামগঞ্জ এবং সিলেট পানির নিচে তলিয়ে যায়। সেই শঙ্কা থেকে এখন নদনদীর পানি বাড়া দেখে সাধারণ মানুষ আতঙ্কিত হয়ে পড়ছে। তাই বন্যা হওয়ার আগেই বেশকিছু সতর্কতামূলক প্রস্তুতি নিতে হবে। বন্যাকালীন সময়ে সবচে বড় সমস্যা হলো বিশুদ্ধ পানির সঙ্কট। পানির সঙ্কটের কারণে প্রতিবছর বহু মানুষ বন্যার সময় পানিবাহিত রোগে মারা যায়। তাই আগে থেকেই পানি বিশুদ্ধ করার ট্যাবলেট, ফিটকারী মজুদ রাখতে হবে। খাদ্যর অভাব যাতে না দেখা দেয় তাই আগে থেকেই শুকনো খাবার চিড়া, মুড়ি, বিস্কিট ইত্যাদি মজুদ করে রাখতে হবে। বন্যার আগাম প্রস্তুতির জন্য ঘরে খাদ্যদ্রব্য সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। শিশু খাদ্যের ব্যবস্থা, গবাদিপশুর খাদ্য সংরক্ষণ করে রাখা জরুরি। এ ছাড়া নিরাপদ আশ্রয় সন্ধান করে রাখা ভালো, যাতে প্রয়োজনে সেখানে আশ্রয় নেওয়া যায়। সরকারকে খাদ্য ও চিকিৎসা সহায়তার পর্যাপ্ত ব্যবস্থাসহ উঁচু জায়গায় থাকা সব স্কুল-কলেজকে বন্যাদুর্গতদের আশ্রয়ের জন্য জরুরিভিত্তিতে প্রস্তুত করতে হবে। বন্যা পরিস্থিতি মোকাবিলায় সহায়তার জন্য ক্ষতিগ্রস্ত এলাকাগুলোর সব সরকারি সংস্থাগুলোকে প্রস্তুত থাকতে হবে। পাশাপাশি বন্যা নিয়ন্ত্রণ বাঁধ কার্যকরের ব্যবস্থা নিতে হবে। বিশেষত বন্যায় উদ্বাস্তু ও কর্মহীন মানুষের পুনর্বাসনসহ খাদ্য ও অর্থ সহায়তা নিশ্চিতে সরকার এবং স্থানীয় প্রশাসনকে আগাম প্রস্তুতি নিতে হবে। জলবায়ু পরিবর্তনের সম্ভাব্য প্রভাব মাথায় রেখে এখানে বন্যা ব্যবস্থাপনা গড়ে তুলতে হবে। আগামী ১০০ বছরে আমাদের নদী অববাহিকাগুলোতে কী ধরনের পরিবর্তন আসতে যাচ্ছে, তা মাথায় রেখে আমাদের অবকাঠামোগুলোকে পুনর্বিন্যাস করতে হবে, নদীর অবৈধ দখলদারদের উচ্ছেদ করতে হবে।

## প্রধানমন্ত্রীর পরামর্শে শৈলকুপা

শৈলকুপা উপজেলা আওয়ামী লীগের সম্মেলন অনুষ্ঠিত হয়।
আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটি সুত্রে জানা যায়, গত ১৮ মে শৈলকুপা উপজেলা আওয়ামী লীগের কমিটি প্রস্তুত করা হয়। ১৯ তারিখে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে কমিটির অনুমোদন ও ২২ তারিখে কমিটি প্রকাশ করা হয়।
প্রধানমন্ত্রীর পরামর্শে শৈলকুপা উপজেলা আওয়ামী লীগের কমিটির অনুলিপি নবগঠিত নেতাকর্মীদের কাছে হস্তান্তর করা হয়েছে।
ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই এমপি সাংবাদিকদের বলেন, নব-গঠিত এই কমিটি আগামী দিনে দলকে আরও শক্তিশালী করবে বলে আশি আশা করছি। তারা আগামী নির্বাচনেও বলিষ্ঠ ভূমিকা রাখবে।

## বঙ্গোপসাগরের ফিশিং বোট থেকে

জানান। তিনি বলেন, গত ২৯ জুলাই ২০২৩ তারিখ বরগুনা জেলার পাথরঘাটা উপজেলা হতে এফবি জোবায়েদ নামক ফিশিং বোট ১১ জন জেলেসহ মাছ ধরার উদ্দেশ্যে সাগরে গমন করে। মাছ ধরা শেষে ফেরার সময় বৃহস্পতিবার ৩ আগস্ট রাতে জেফোড পয়েন্টের কাছে বৈরী আবহাওয়ায় অতিরিক্ত ঢেউয়ের কারণে ইঞ্জিন বিকল হয়ে নিয়ন্ত্রণহীনভাবে ভাসতে থাকে। বিষয়টি উক্ত এলাকার নিকটবর্তী বাংলাদেশ কোস্ট গার্ড আউটপোস্ট দুবলা অবগত হলে দ্রুততার সহিত একটি উদ্ধারকারী দল ঘটনাস্থলে গমন করে। অভিযান পরিচালনা করে আনুমানিক রাতে ১১ জন জেলেকে জীবিত উদ্ধার করে বিকল হয়ে যাওয়া ফিশিং বোটসহ নিরাপদে বিসিজি আউটপোস্ট দুবলায় নিয়ে আসা হয় অতঃপর খাবার এবং প্রাথমিক চিকিৎসা প্রদান করা হয়। তিনি আরও বলেন, পরবর্তীতে উদ্ধারকৃত ফিশিং বোট ও জেলেদের মালিক পক্ষের নিকট হস্তান্তর করা হয়।

## শেখ কামাল ছিলেন স্বাধীন

ক্রীড়াচক্রের অধীনে তিনি হকি, ক্রিকেট এবং টেবিল টেনিস দলও গঠন করেন। তিনি খেলোয়াড়দেরকে আধুনিক পোশাক এবং ক্রীড়া সামগ্রী সরবরাহ করতেন।
শহীদ ক্যাপ্টেন শেখ কামাল-এর ৭৪তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে দেয়া এক বাণীতে তিনি আর বলেন, শেখ কামাল সাধারণ মানুষের সঙ্গে মিশে যেতেন অতি সাধারণ হয়ে। তিনি যেকোন মানুষের প্রয়োজনে সহযোগিতার হাত বাড়িয়ে দিতেন।'
আব্দুল হাই এমপি তার বাণীতে আরও বলেন, ব্যক্তিগত প্রজ্ঞা, যোগ্যতা, মেধা-মনন আর অসামান্য সাংগঠনিক দক্ষতার সমন্বয়ে তিনি আলোক বর্তিকার মতো পথপ্রদর্শক হয়ে বাংলাদেশে আধুনিক ও আন্তর্জাতিক মানের ক্রীড়া প্রবর্তন করেছেন। তিনি একাধারে ছিলেন দেশের সেরা ক্রীড়া সংগঠক, ক্রীড়াবিদ, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, এছাড়া ছাত্র হিসেবেও তিনি ছিলেন অত্যন্ত মেধাবী। পড়াশোনার পাশাপাশি তিনি মনে-প্রাণে দেশীয় সংস্কৃতির লালন ও চর্চা করতেন। খেলাধুলা, সঙ্গীত, অভিনয়, বিতর্ক, উপস্থিত বক্তৃতাসহ বিভিন্ন ক্ষেত্রে তাঁর অবদান ছিল অপরিসীম।
আব্দুল হাই এমপি বলেন, বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল ছিলেন তারুণ্যের রোল মডেল। মহান মুক্তিযুদ্ধের রণাঙ্গন থেকে ফিরে এসে তিনি বঙ্গবন্ধুর 'সোনার বাংলা' গড়ে তোলার লক্ষ্যে আত্মনিয়োগ করেন। ফুটবল, ক্রিকেট, বাস্কেটবল ও হকি খেলায় পারদর্শীদের তিনি দেশের বিভিন্ন প্রান্ত থেকে খুঁজে আনতেন এবং তাদের উৎকর্ষ বৃদ্ধির ব্যবস্থা করতেন। অফুরন্ত প্রাণশক্তির অধিকারী শেখ কামাল ছিলেন অতি বিনয়ী, নম্র, নির্লোভ, নিরহংকার ও সদালাপী। আমি তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করি।'

## ঝিনাইদহে গ্রাহক সেবা নিশ্চিতে

ভূমি মন্ত্রনালয়ের যুগ্ম সচিব ড. মো. জাহিদ হোসেন পনির, উপ-সচিব সেলিম আহমদ, ঝিনাইদহের স্থানীয় সরকারের উপ-পরিচালক ইয়ারুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রথীন্দ্রনাথ রায়, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সালমা সেলিম। সকালে থেকে দুপুর পর্যন্ত চলা এই কর্মসূচিতে ঝিনাইদহের বিভিন্ন ইউনিয়ন ও উপজেলা ভূমি অফিসের মোট ৫৭ জন কর্মকর্তা অংশ নেয়।
কর্মশালায় জানানো হয়, বর্তমান সরকার উন্নত বাংলাদেশ বিনির্মাণে স্মার্ট বাংলাদেশ ভিশন ২০৪১ প্রতিষ্ঠা এবং স্মার্ট বাংলাদেশ রোডম্যাপে ৪টি পিলার যথাক্রমে- স্মার্ট সিটিজেন, স্মার্ট সোসাইটি, স্মার্ট ইকোনমি এবং স্মার্ট গভর্নেন্স অন্তর্ভুক্ত করে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় ভূমিসেবাকে মানুষের কাছে আরও সহজলভ্য করার লক্ষ্যে ভূমি মন্ত্রণালয় বেশ কিছু কার্যক্রম গ্রহণ করেছে, যার মধ্যে ডিজিটাল ভূমিসেবা অন্যতম। ভূমি ব্যবস্থাপনা অটোমেশন সফটওয়্যারের মাধ্যমে ভূমিসংক্রান্ত সব কাজে গতিশীলতা ও স্বচ্ছতা বৃদ্ধি পেয়েছে। এ ছাড়া চালু হয়েছে ই-মিউটেশন, অনলাইন ভূমি উন্নয়ন কর আদায় সিস্টেম, ডিজিটাল রেকর্ড রুম, ডাকযোগে খতিয়ান ও পর্চা প্রাপ্তি, ডিজিটাল সার্ভেয়িং এবং ম্যাপিং, অনলাইন জলমহাল ইজারা, ল্যান্ড জোনিং, অনলাইন শুনানি সিস্টেম, হটলাইন সেবা (১৬১২২) ইত্যাদি যার মাধ্যমে ভূমিসেবা পৌঁছে যাচ্ছে সাধারণ জনগণের দোরগোড়ায়। স্মার্ট বাংলাদেশের লক্ষ্যে ক্যাশলেস ভূমি অফিস একটি গুরুত্বপূর্ণ বিষয়। যা বাস্তবায়নে ইতোমধ্যে একাধিক আইন সংশোধন হয়েছে, নীতিমালা প্রণয়নের কাজ আশানুরূপ এগিয়েছে।

## শৈলকুপায় দুই মোটর সাইকেলের

আসা অপর একটি মোটর সাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে দুই মোটরসাইকেলে থাকা ৪ জন গুরুতর আহত হয়। সেখান থেকে তাদের উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মাহিনকে মৃত ঘোষণা করেন।
শৈলকুপা থানার ওসি আমিনুল ইসলাম বলেন, সড়ক দুর্ঘটনায় এক স্কুলছাত্র মারা গেছে। মরদেহ সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। দুর্ঘটনার ব্যাপারে থানায় অপমৃত্যু মামলা হয়েছে।

## মেহেরপুরে একই পরিবারের

ইমামের মাধ্যমে পবিত্র কালেমা তাইয়্যেবা পাঠ করে আনুষ্ঠানিকভাবে মুসলিম ধর্ম গ্রহন করেন। এর আগে মোকাম নোটারি পাবলিকের কার্যালয় মেহেরপুর থেকে এ্যাফিডেভিট এর মাধ্যমে গত ৩১ শে জুলাই তারা হিন্দু ধর্ম ত্যাগ করে মুসলিম ধর্মে ধর্মান্তরিত হয়। ধর্মান্তর হয়ে বুদুদাস নাম পরিবর্তন করে মোঃ আব্দুল্লাহ, তার স্ত্রী আলোমতি থেকে সুমাইয়া খাতুন, মেয়ে রজনী থেকে নাম পরিবর্তন করে আসমা খাতুন, সৃষ্টি নাম পরিবর্তন করে উম্মে কুলসুম এবং বৃষ্টি নাম পরিবর্তন করে আয়েশা খাতুন রাখা হয়েছে। ধর্মান্তর হওয়া নতুন নামের আব্দুল্লাহ অঙ্গীকারনামায় উল্লেখ করেছেন আমি, আমার স্ত্রী ও তিন নাবালিকা কন্যা আমরা সকলে পূর্ব ধর্ম ত্যাগ করে পবিত্র ইসলাম ধর্ম গ্রহণ করলাম। আমার কন্যাদ্বয়ের অভিভাবক পিতা হিসেবে আরো ঘোষণা করছি যে, আমরা ভবিষ্যতে ইসলাম ধর্ম শরীয়ত অনুযায়ী সকল প্রকার বিধি নিষেধ ও কুরআন সুন্নাহর আদেশ মেনে চলবো। ধর্মান্তরিত হওয়া মোঃ আব্দুল্লাহ বলেন ছোট থেকেই আমার ইচ্ছা ছিল ইসলাম ধর্ম গ্রহণ করা কারণ আমি ইসলাম ধর্মের ভিতরে পবিত্রতা খুঁজে পেয়েছি, ইসলাম ধর্ম শান্তির ধর্ম ইসলাম ধর্মই আসল ধর্ম এটাই আমার কাছে মনে হয়েছে। আমি আগে যে ধর্মে ছিলাম সেটি একটি মনগড়া ধর্ম। তিনি আরো বলেন আমি অনেক আগেই মুসলিম ধর্ম গ্রহণ করতাম কিন্তু আমার পরিবারের কথা চিন্তা করে আমার স্ত্রী সন্তানের কথা চিন্তা করে পূর্বে আমি ধর্মান্তর হতে পারিনি কিন্তু এখন আমি আমার স্ত্রী সহ সকলকে বোঝাতে সক্ষম হয়েছি এবং সপরিবারে ইসলাম ধর্ম গ্রহণ করেছি। চাঁদবিল মসজিদের ইমাম মোহাম্মদ সামসুল আলম বলেন একই পরিবারের পাঁচজন সদস্য এ্যাফিডেভিটের মাধ্যমে হিন্দু ধর্ম ত্যাগ করে মুসলিম ধর্ম গ্রহণ করেছেন, পরবর্তীতে আমরা সাথে থেকে মুসলিম ধর্ম গ্রহণ করার যে নিয়ম কালেমা তাইয়্যেবা পাঠ করিয়ে তওবা ইস্তেগফার করিয়ে নতুন করে তাদেরকে ইসলাম ধর্ম গ্রহণ করানো হয়েছে। আমঝুপি ইউনিয়ন পরিষদের ১,২,৩ নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা সদস্য মোছাঃ বনি খাতুন বলেন একই পরিবারের যে পাঁচ সদস্য মুসলিম হয়েছে এটা আমরা সকলে অত্যন্ত খুশি হয়েছি আমরা এনাদের দেখাশোনা করছি এবং তাদের সব ধরনের সহযোগিতা আমরা এগিয়ে আসব। মেহেরপুর জেলা ইমাম সমিতির সভাপতি ও হোটেল বাজার জামে মসজিদের ইমাম হাফেজ মাওলানা রোকনুজ্জামান বলেন আল্লাহ তাআলা বলেছেন আল্লাহ তায়ালার সাহায্য যখন বিজয় তোমাদের উপর আসবে তখন তোমরা আল্লাহ তায়ালার প্রশংসা করবে এবং তোমরা দেখবে ইসলামের ভিতর মানুষ প্রবেশ করছে। তিনি বলেন আল্লাহর রসূলও বলেছেন যে কেয়ামতের পূর্ব মুহূর্তে ইসলামের পতাকা কালেমার পতাকা সারা পৃথিবীতে ছড়িয়ে যাবে। চাঁদবিলে যে পাঁচজন ইসলাম ধর্ম গ্রহণ করেছেন তাদেরকে আমরা মোবারকবাদ জানাই। তারা আগে মুশরিক ছিলেন এখন তারা কালেমা গ্রহণ করায় আল্লাহ তায়ালা হয়তো তাদের সমস্ত গুনাহ খাতা কে মাফ করে দিয়েছেন। তারা ইসলামের বিধি-বিধান অনুযায়ী চলবে এটা আমরা আশা করি এবং আমরা যারা মুসলমান রয়েছি সামর্থ্য রয়েছে তাদেরকে স্বাবলম্বী করার জন্য আমরা চেষ্টা করব।

## পূর্নিমার জোয়ারের পানিতে

রয়েছে কয়েক জনের। বাঁধ না থাকায় জোয়ারের পানিতে সরকারি আশ্রয়ন প্রকল্প মাঝিডাঙ্গা এলাকাও মাঝে মাঝে প্লাবিত হয়। শুধু হাড়িখালি-মাঝিডাঙ্গা নয়, বাগেরহাট সদর উপজেলার বিষ্ণুপুর, কলাবাড়িয়া, পানিঘাটসহ বেশকিছু এলাকা জোয়ারের পানিতে প্লাবিত হয়েছে। অন্যদিকে পানগুছি নদীর পানিতে মোরেলগঞ্জ উপজেলা সদরের প্রধান বাজার, পৌরসভার একাংশ, উপজেলা পরিষদ চত্বর প্লাবিত হয়েছে। এছাড়া মোরেলগঞ্জ উপজেলার খাউলিয়া, বহরবুনিয়া, পঞ্চকরণ, তেলিগাতি, হোগলাবুনিয়া ইউনিয়নের বেশকিছু এলাকা জোয়ারের পানিতে প্লাবিত হয়েছে। এতে অন্তত সহস্রাধিক পরিবার পানিবন্দি হয়ে পড়েছে।
হাড়িখালি এলাকার আফছার আলী হাওলাদার বলেন, বেরিবাঁধ নেই, ঘরদুয়ার সব তলাইয়া গেছে। ঘরে যাওয়া লাগে কাছা দিয়া। রান্না বান্না সব বন্ধ। আমাদের দিকে কেউ খেয়াল করে না।
একই এলাকার মনির শেখ বলেন, আষার-শ্রাবন মাস আসলে খুবই কষ্টে থাকতে হয়। মাঝে মাঝেই পানি উঠে যায়। ভৈরবের পাশে যদি একটি বাঁধ দেওয়া থাকত, তাহলে আমরা কিছুটা শান্তিতে থাকতে পারতাম।
মোরেলগঞ্জ উপজেলা সদরের বুলি কাজী বলেন, জোয়ারের পানিতে মোরেলগঞ্জ বাজার, উপজেলা চত্বরসহ পৌর শহরের বেশকিছু এলাকায় হঠাৎ পানি উঠে যায়। লোকজনের খুব ভোগান্তি হয়েছে। পানগুছি নদীর পাড়ে টেকসিই শহর রক্ষা বাঁধ থাকলে, আমাদের এই সমস্যায় পড়তে হত না।
বহরবুনিয়া এলাকার রফিকুল ইসলাম বলেন, চারপাশে নদী-আর খালের মধ্যে আমাদের বহরবুনিয়া ইউনিয়ন। হঠাৎ করে জোয়ারের পানি বৃদ্ধি পাওয়ায় বেশকিছু পরিবার জলাবদ্ধ হয়ে পড়েছে। মাঝে মাঝে বৃষ্টি থাকায়, পানি সহজে নামছে না বলে জানান রফিকুল ইসলাম। খাউলিয়া,পঞ্চকরণ, তেলিগাতি ও হোগলাবুনিয়া তেলিগাতি ইউনিয়নের বেশকিছু পরিবার পানিবন্দি রয়েছে বলে জানিয়েছেন এলাকাবাসী।
পানি উন্নয়ন বোর্ড, বাগেরহাটের নির্বাহী প্রকৌশলী মোঃ মাসুম বিল্লাহ বলেন, দুপুরের জোয়ারে স্বাভাবিকের থেকে দেড়ফুটের বেশি পানি বৃদ্ধি পেয়েছে। তবে দড়াটানা ও ভৈরব নদীর পানি বিপদ সীমার ৮ সেন্টিমিটার উপর দিয়ে বয়ে যাচ্ছে। পানি উন্নয়ন বোর্ডের যে বাঁধ রয়েছে, সেগুলো এখনও ঝুকিমুক্ত রয়েছে। তবে বাঁধ না থাকা কিছু এলাকায় পানি ওঠার খবর পেয়েছি।
বাগেরহাট সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ রাশেদুজ্জামান বলেন, পানিতে যাতে কারও কোন অসুবিধা না হয়, সেজন্য খোজ খবর নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হচ্ছে।

## মেহেরপুরে সড়ক দুর্ঘটনায়

পিছন থেকে একটি দ্রুতগামী মোটরসাইকেল সুমনকে বহনকারী রিকশাটিকে সজোরে ধাক্কা দেয়। এতে সুমন রিকশা থেকে পড়ে যায়। এ সময় রিকশাটি উল্টে তার পায়ে পড়লে সুমনের বাম পায়ের রগ কেটে যায়। তাৎক্ষণিক সুমনকে ২৫০ শয্যার মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। খবর পেয়ে আহত সুমনকে দেখতে সাংবাদিক, রাজনীতিবিদ সহ বিভিন্ন শ্রেণীপেশার মানুষ হাসপাতালে যান। পরে চিকিৎসক রাতেই তার পায়ে সফল অস্ত্রোপাচার করেছেন।

## চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের নিয়মিত

সুমন ইকবাল। অনুষ্ঠান শেষে উপস্থিত সকলকে অভিনন্দন জানিয়ে সভাপতি অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

## মেহেরপুরে র‌্যাবের অভিযানে

ধারা-৪০৬/৪২০ পেনাল কোড আইনে বিপুল পরিমাণ টাকা আত্মসাৎ মামলার গ্রেফতারী পরোয়ানাভূক্ত আসামী হকছেদ আলীকে গ্রেফতার করা হয়। হকছেদ আলীকে মেহেরপুর জেলার গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

## ঝিনাইদহে বিএনপির প্রতিবাদ

সহ-সভাপতি এনামুল হোসেন মুকুল, সহ -সভাপতি আলাউদ্দিন, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, জেলা বিএনপির সিনিয়র যুগ্ম-সাধারন সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সধারণ সম্পাদক আলমগীর হোসেন, শৈলকুপা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক হুমায়ন বাবর ফিরোজসহ জেলা ও বিভিন্ন উপজেলা বিএনপি ও তার অঙ্গ সহযোগী সংগঠনের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

## ডেঙ্গুতে ১০ জনের মৃত্যু হাসপাতালে

এক হাজার ৭৫৭ জন। তাদের মধ্যে ঢাকার বাসিন্দা ৮৯২ জন ও ঢাকার বাইরের ৮৬৫ জন। এছাড়া ২৪ ঘণ্টায় মৃত ১০ জনের মধ্যে আটজন ঢাকার বাসিন্দা। দুইজন ঢাকার বাইরের বাসিন্দা বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। চলতি বছরের ১ জানুয়ারি থেকে ৪ আগস্ট পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়েছেন ৬১ হাজার ৪৭৩ জন। তাদের মধ্যে ঢাকার বাসিন্দা ৩৩ হাজার ৪৫৪ জন। ঢাকার বাইরের হাসপাতালগুলোতে ভর্তি হয়েছেন ২৮ হাজার ১৯ জন। একই সময়ে হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন ৫২ হাজার ১৫৪ জন। তাদের মধ্যে ঢাকার বাসিন্দা ২৮ হাজার ৬৫২ জন এবং ঢাকার বাইরের ২৩ হাজার ৫০২ জন। এর আগে ২০২২ সালে ডেঙ্গুতে দেশের ইতিহাসের সর্বোচ্চ ২৮১ জন মারা যান। ওই বছরের শেষ মাস ডিসেম্বরে ডেঙ্গুতে ২৭ জনের মৃত্যু হয়। একই সঙ্গে আলোচ্য বছরে ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হন ৬২ হাজার ৩৮২ জন। ২০২০ সালে করোনা মহামারিকালে ডেঙ্গু সংক্রমণ তেমন একটা দেখা না গেলেও ২০২১ সালে সারাদেশে ডেঙ্গু আক্রান্ত হন ২৮ হাজার ৪২৯ জন। একই বছর দেশব্যাপী ডেঙ্গু আক্রান্ত হয়ে ১০৫ জনের মৃত্যু হয়েছিল।

## মেহেরপুর জেলা আওয়ামী

মোঃ খাজা হোসেন এই কমিটির অনুমোদন দেন। কমিটিতে তারিকুল ইসলাম রাজিবকে আহবায়ক ও ননী গোপাল সাহাকে সদস্য সচিব করে ১৯ সদস্য বিশিষ্ট এই কমিটির অনুমোদন দেওয়া হয়। কমিটিতে মোঃ মাহাবুব জামান সোহাগ, ইফতেখার হোসেন সবুজ, মোঃ রাজিব, মোঃ মোস্তাফিজুর রহমান, মোঃ সুজাউদ্দিন সুজন, মোঃ রাজু আহমেদ, মোঃ সোহানুর রহমান শাওনকে যুগ্ম আহবায়ক এবং মাফিজুর রহমান রন্টু, মুজিবুল হক মিলন, মোঃ রুবেল ইসলাম, সোনিয়া ইসলাম, মোঃ আরিফুল ইসলাম বাদশা, সজিব আহমেদ, সাহিদুল ইসলাম বিপুল, সোহেল রানা, মোঃ তরিকুল ইসলাম ইলিয়াস, মোঃ রহিদুল ইসলামকে সদস্য করা হয়েছে। নবনির্বাচিত কমিটির মাধ্যমে আগামী তিন মাসের মধ্যে সম্মেলন করে পূর্ণাঙ্গ কমিটি গঠনের নির্দেশ দেওয়া হয়েছে।

## বৈরী আবহাওয়া ও পূর্ণিমার প্রভাবে

পানি বাড়লেও বনের ও বন্যপ্রাণীর ক্ষয়ক্ষতির কোনো খবর পাওয়া যায়নি। এখনো পর্যন্ত করমজলে কুমির, কচ্ছপ, হরিণ ও বানরসহ অন্যান্য প্রাণী নিরাপদে রয়েছে।

## অভয়নগরে ২৭ বছর ধরে

'ডলফিন টেইলার্সের' মালিক। মোল্যানাসির উদ্দিন বলেন, আমার বাবা ছিলেন রেডিও'র একজন নিয়মিত শ্রোতা। তার প্রেরণায় দীর্ঘ ২৭ বছর ধরে আমিও একজন নিয়মিত শ্রোতা হিসেবে পরিণত হয়েছি। ১৯৯৬ সালেনওয়াপাড়া বাজারে ফিরোজ মার্কেটে দোকান ঘর ভাড়া নেওয়ার দিন থেকে রেডিও আমার সঙ্গী। দীর্ঘ ২৭ বছর প্রতিদিন সকাল ১০ থেকে দোকান বন্ধনা করা পর্যন্ত খবর, গান, নাটক, যাত্রাপালা, খেলার ধারা বিবরণী, সংসদ অধিবেশনসহ দেশ-বিদেশের অনুষ্ঠান শুনে থাকি। রেডিও বাংলাদেশের 'দুর্বার' আমার প্রিয় অনুষ্ঠানের একটি। আর যদি কখনও বেড়াতে বাব্যবসায়ী প্রয়োজনে এলাকার বাইরে যাই, তখন একটি পকেট রেডিও সঙ্গে রাখি। তিনি আরো বলেন, বর্তমানের ডিজিটাল যুগে আমার রেডিও শোনাকে কেন্দ্র করে অনেকে হাসাহাসি করে। তাতে আমার কিছু যায় আসেনা। কিন্তু তারা জানেনা আমি দেশীয় সাংস্কৃতি ধরে রাখার চেষ্টা করছি। তাই যতদিন বেঁচে থাকব রেডিও বাংলাদেশ বা বাংলাদেশ বেতারের শ্রোতা হিসেবে অনুষ্ঠান শুনে যাব ইনশাআল্লাহ

## বাগেরহাটে জমি সংক্রান্ত বিরোধে

লুট করে নিয়ে যায়। তাদের হামলায় আমি, আমার ছেলে সজল মাহমুদ ও আমার স্ত্রী গুরুত্বর আহত হয়েছি। আমি এই অন্যায় হামলা ও লুটপাটের বিচার চাই।
আবুল কালাম আজাদের বড় বোন জহুরা বেগম বলেন, পৈত্রিক সূত্রে পাপ্ত জমি, আমি আমার ভাইয়ের ছেলে সজল মাহমুদের কাছে বিক্রি করেছি। কিন্তু ওই জমিতে আমার ভাতিজা ও ভাই ঘর বানাতে যায়। তখন আমার বড় ভাই আব্দুর সবুর শেখসহ কয়েকজন এসে আমার ভাই , ভাতিজা ও ভাবির উপর হামলা করে। আমার ভাইয়ের ঘর ভাংচুর ও বেশকিছু কাগজপত্রও নিয়ে গেছে তারা। তাদের বিচার হওয়া দরকার।
এদিকে আবুল কালাম আজাদের অভিযোগ অস্বীকার করে জালাল শেখ বলেন, আবুল কালাম আজাদ ও তার ভাই সবুরদের মধ্যে সংঘর্ষ বাঁধলে আমরা ঠেকাতে গেছিলাম। তখন আবুল কালাম আমার হাতে কোপ দিয়েছে। আবুল কালামের বড় ভাই আব্দুর সবুর বলেন, আমরা কাউকে মারিনি, আমার ছোট ভাই আবুল কালাম আজাদ, তার ছেলে ও আত্মীয়রা আমাদের মারধর করেছে। আমরা থানায় অভিযোগ করেছি।
মোরেলগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ সাইদুর রহমান বলেন, কচুবুনিয়া এলাকায় মারধরের ঘটনায় দুই পক্ষই অভিযোগ দিয়েছে। তদন্তপূর্বক আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

## বরগুনায় ইলিয়াসের হাতে এক রাতে

হাসপাতালে পাঠালে পথেই রিগানের শিশু কন্যাটিরও মৃত্যু হয়।
এই ঘটনার খবর পেয়ে বরগুনা থানার পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেন। ইলিয়াসকে থানায় নিয়ে আসে এবং মৃত হাফিজুরের মরদেহ ময়নাতদন্তের জন্য বরগুনা জেনারেল হাসপাতালে নিয়ে আসে।
বরগুনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, মূল আসামি ধরা পড়েছে। আমরা তদন্ত করে প্রকৃত দোষীদের বিচারের আওতায় নিয়ে আসবো।

## টাঙ্গাইলে স্বামীকে গাছের সঙ্গে

হযরত আলীর ছেলে লাবু মিয়া (২৬), গনি মিয়ার ছেলে আসিফ (২৩), আশরাফ আলীর ছেলে শফিক আহমেদ (২৫), এবং সমেশ আলীর ছেলে মোজাম্মেল হক (৩০)। গ্রেপ্তারদের সবার বাড়ি উপজেলার কচুয়া গ্রামের দক্ষিণপাড়া এলাকায়। জানা গেছে, গত বৃহস্পতিবার বিকেলে স্বামী তার স্ত্রীকে নিয়ে উপজেলার কচুয়া চাঁদের হাট এলাকায় ঘুরতে যান। ঘোরাঘুরি শেষে সন্ধ্যার দিকে বাড়ি ফেরার পথে কচুয়া এলাকার হাজী চৌরাস্তায় পৌঁছালে ৭-৮ জন লোক তাদের পথরোধ করে। পরে স্বামীকে মারধর করে তার স্ত্রীকে পাশের একটি গজারি বনে নিয়ে যাওয়া হয়। সেখানে স্বামীকে গাছের সঙ্গে বেঁধে স্ত্রীকে সংঘবদ্ধভাবে ধর্ষণ করা হয়। পরে ওই গৃহবধূ জ্ঞান হারিয়ে ফেললে ধর্ষকরা চলে যায়। গতকাল শুক্রবার দুপুরে সখীপুর থানার ওসি রেজাউল করিম জানান, ধর্ষণের শিকার গৃহবধূর স্বামী বাদী হয়ে থানায় মামলা করেছেন। ঘটনায় রাতেই অভিযান চালিয়ে ৬ জনকে নিজ নিজ বাড়ি থেকে গ্রেপ্তার করা হয়েছে। পলাতক আসামিদের গ্রেপ্তারে অভিযান অব্যাহত রয়েছে। তিনি আরও জানান, ওই গৃহবধূকে ডাক্তারি পরীক্ষার জন্য টাঙ্গাইল জেনারেল হাসপাতালের ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টারে পাঠানো হয়েছে। দুপুরে আসামিদের আদালতে পাঠানো হয়েছে।

## ১৫ আগস্টে দেশে সাইবার

প্রেক্ষিতে সিআইআইসহ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, স্বাস্থ্যসেবা বিষয়ক প্রতিষ্ঠানসহ সব সরকারি ও বেসরকারি সংস্থার প্রতি সতর্কতা জারি করা হচ্ছে। এছাড়াও আগামী ১৫ আগস্ট ও এর মধ্যবর্তী সময়ে সব প্রতিষ্ঠানকে ছোট থেকে মাঝারি সাইবার হামলার জন্য প্রস্তুত থাকার পরামর্শ দেয়া হয়েছে।
বিজিডি সার্ট এই হ্যাকারগোষ্ঠীর সঙ্গে সাদৃশ্য আছে এমন বেশ কয়েকটি হ্যাকারগ্রুপের পক্ষ থেকে সাম্প্রতিক সময়ে বাংলাদেশে পরিচালিত অন্তত ৬টি সাইবার হামলা শনাক্ত করেছে । গত ২০ জুন থেকে ১ আগস্ট সময়ের মধ্যে এই সাইবার হামলাগুলো করা হয়।
সার্ট, এসব হামলার বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা নেয়ার বিষয়ে কিছু পরামর্শ দিয়েছে। বিশেষ করে অফিস সময়সূচির পরে, কোনো সার্ভারে যেন বাড়তি চাপ না থাকে, ওয়েব অ্যাপ্লিকেশন ফায়ারওয়াল স্থাপনের মাধ্যমে সিস্টেমে আসা প্রতিটি ট্র্যাফিককে মনিটর করা এবং সর্বোপরি পুরো সিস্টেমকে যথাসম্ভব নিরাপদ রাখা।

## শ্যালিকাকে ধর্ষণচেষ্টায় ব্যর্থ হয়ে

উদ্ধার করে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।
স্থানীয় এক বাসিন্দা বলেন, ইলিয়াস বাড়িটির জামাই। গতকাল রাতে ইলিয়াস তাঁর শ্যালিকাকে ধর্ষণচেষ্টায় ব্যর্থ হয়ে এই হত্যাযজ্ঞ চালান।
বরগুনা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এ কে এম মিজানুর রহমান বলেন, হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত ইলিয়াসকে আটক করা হয়েছে। তিনি এ ঘটনার সঙ্গে জড়িত থাকার কথা স্বীকার করেছেন। গুরুতর আহত নারীকে বরিশাল শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। নিহত ছেলেশিশুটির লাশ ময়নাতদন্তের জন্য বরগুনা জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। এ ঘটনায় মামলা প্রক্রিয়াধীন। তদন্ত করে প্রয়োজনীয় আইনি ব্যবস্থা নেওয়া হবে।

## রাজধানীতে মুষলধারে বৃষ্টি

মধ্যপ্রদেশ-দক্ষিণ পূর্ব উত্তর প্রদেশ এলাকায় সুস্পষ্ট লঘুচাপ হিসেবে অবস্থান করছে। এটি আরও পশ্চিম-উত্তর পশ্চিম দিকে অগ্রসর হয়ে দুর্বল হয়ে যেতে পারে। এদিকে মৌসুমি বায়ুর অক্ষ পাঞ্জাব, হরিয়ানা, সুস্পষ্ট লঘুচাপের কেন্দ্রস্থল, বিহার, পশ্চিমবঙ্গ এবং বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমি বায়ু বাংলাদেশের ওপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারি থেকে প্রবল অবস্থায় রয়েছে। আগামী ২৪ ঘণ্টার পূর্বাভাসে বলা হয়, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অধিকাংশ জায়গায়, রংপুর, ময়মনসিংহ, খুলনা ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী ও ঢাকা বিভাগের কিছুকিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

## সমাবেশের অনুমতি না পেয়ে

সোহরাওয়ার্দী উদ্যানে শান্তিপূর্ণ সমাবেশ হওয়ার কথা ছিল। ডিএমপি কমিশনারকে আনুষ্ঠানিকভাবে চিঠি দিয়ে সে বিষয়ে অবহিত করা হয়। কিন্তু গতকাল বিকেলে ডিএমপি কমিশনার সাংবাদিকদের জানিয়েছেন, শুক্রবার রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে জামায়াতে ইসলামীর ডাকা সমাবেশ কর্মসূচিতে অনুমতি দেওয়া হয়নি। এর প্রতিবাদে রবিবার (৬ আগস্ট) সব বিভাগীয় শহরে শান্তিপূর্ণ বিক্ষোভ মিছিলের কর্মসূচি ঘোষণা করছি।
কেন্দ্রীয় প্রচার সম্পাদক অ্যাডভোকেট মতিউর রহমান আকন্দের সঞ্চালনায় এতে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর নুরুল ইসলাম বুলবুল, কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী উত্তরের ভারপ্রাপ্ত আমীর আ. রহমান মুসা, নায়েবে আমীর ইঞ্জিনিয়ার গোলাম মোস্তফা, দক্ষিণের নায়েবে অ্যাডভোকেট হেলাল উদ্দিন ও সহকারী সেক্রেটারি দেলোয়ার হোসেন।

## এ বছর ২৭০০ টন আম রপ্তানি

আমের উৎপাদন বৃদ্ধি শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করছে। এ প্রকল্পের আওতায় কৃষকদের উত্তম কৃষি চর্চা মেনে আম উৎপাদনসহ বিভিন্ন সহযোগিতা প্রদান করা হচ্ছে। ফলে প্রকল্পের প্রথম বছরেই গত বছরের তুলনায় এক হাজার টন আম বেশি রপ্তানি হয়। প্রকল্প পরিচালক মো. আরিফুর রহমান জানান, চলতি বছর আরও ১৫-২০ দিন আম রপ্তানি হবে।

## আজ শহীদ শেখ কামালের

আজ সকাল ৮টায় ধানমন্ডিস্থ আবাহনী ক্লাব প্রাঙ্গণে শহীদ শেখ কামালের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ ও সকাল ৯টায় বনানী কবরস্থানে চিরনিদ্রায় শায়িত তার সমাধিতে শ্রদ্ধা নিবেদন করবেন। পরে অনুষ্ঠিত হবে কোরানখানি, মিলাদ ও দোয়া মাহফিল ।
এদিকে, শেখ কামালের জন্মদিন উপলক্ষে সকাল ১১টায় বঙ্গবন্ধু এভিনিউস্থ আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে ঢাকা মহানগর দক্ষিণ আলোচনা সভার আয়োজন করবে। এছাড়াও শেখ কামালের জন্মদিন উপলক্ষে বিকেল ৩ টায় ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ শ্রমিক লীগ আলোচনা সভার আয়োজন করবে।

বহুমাত্রিক অনন্য সৃষ্টিশীল প্রতিভার অধিকারী তারুণ্যের দীপ্ত প্রতীক শহীদ শেখ কামাল শাহীন স্কুল থেকে মাধ্যমিক ও ঢাকা কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পাস করার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজ বিজ্ঞান বিভাগ থেকে বি এ অনার্স পাস করেন। বাংলাদেশের শিল্প, সাহিত্য, সংস্কৃতি অঙ্গনের শিক্ষার অন্যতম উৎসমুখ 'ছায়ানট'-এর সেতার বাদন বিভাগের ছাত্র ছিলেন।

## শেখ হাসিনা কাল রোডম্যাপ

মধ্যে বিভক্তি তীব্র। এরকম ১০০ টি আসনে একাধিক প্রার্থী রয়েছে এবং প্রায় সবগুলো আসনে অন্তত দু'জন করে প্রার্থী রয়েছেন যারা নির্বাচনে একে অন্যের মুখোমুখি অবস্থানে রয়েছেন। কোন অবস্থাতেই তারা হাল ছাড়তে রাজি নন। এই আসন গুলোই এখন আওয়ামী লীগের জন্য মাথাব্যথার কারণ হয়ে দাঁড়িয়েছে।
আওয়ামী লীগের দায়িত্বশীল সূত্রগুলো বলছে, বিভিন্ন জরিপ থেকে পাওয়া গেছে যে প্রায় ১০০ আসনে আওয়ামী লীগের দুই থেকে পাঁচ জন পর্যন্ত প্রার্থী সক্রিয় রয়েছে এবং তারা মনোনয়ন পাবেন বলে আশা করছেন। পাশাপাশি মনোনয়নের জন্য দেনদরবার-লবিং করছেন। এদের মধ্যে অন্তত দু'জন করে প্রার্থী আছেন যারা প্রার্থী হলে বিজয়ী হতে পারবেন। আর এদের কারণে ঐ সমস্ত এলাকায় মারামারি, সহিংসতা এবং অন্তঃকলহ প্রকাশ্য রূপ পাচ্ছে।
আওয়ামী লীগের বিভিন্ন জরিপ পর্যালোচনা করে এরকম ৬৭ টি আসন পাওয়া গেছে যেখানে আওয়ামী লীগের দুইজন প্রার্থী সমান জনপ্রিয় এবং দুজনের যে কাউকে মনোনয়ন দিলে তিনি ভালো করবেন। কিন্তু সমস্যা হল এই দুইজনকে ঘিরে আওয়ামী লীগই বিভক্ত। আওয়ামী লীগের স্থানীয় নেতৃবৃন্দ এবং কর্মীরা পরস্পর বিরোধী অবস্থান গ্রহণ করেছে।

## 'ডিপ্লোমেটিক ট্র্যাপে' বিএনপি?

হচ্ছে, বিএনপি 'ডিপ্লোমেটিক ট্র্যাপে' পড়েছে কি না?- এ প্রশ্ন এখন বিএনপির মধ্যেই আছে। 'ডিপ্লোটেমিক ট্র্যাপ' কূটনীতির ভাষায় একটি বহুল প্রচিলিত শব্দ। এর ভাষা হলো মিষ্টি মিষ্টি কথা বলে, সুন্দর কথা বলে- পক্ষে টেনে নিয়ে এসে, তাকে তার অবস্থান পরিবর্তন করানো বা তাকে একটি সিদ্ধান্তে নিয়ে আসতে বাধ্য করানো। এই ধরনের পরিস্থিতি বহুদেশে বহুবার করেছে এবং মার্কিন যুক্তরাষ্ট্র এই ডিপ্লোমেটিক ট্র্যাপ বা কূটনৈতিক ফাঁদ তৈরি করার ক্ষেত্রে বিশ্বের সেরাদের সেরা। আর তাই এখন মার্কিন যুক্তরাষ্ট্র এবং পশ্চিমা দেশগুলো বাংলাদেশের নির্বাচন নিয়ে যে মনোভাব দেখাচ্ছে, সেই মনোভাবের প্রেক্ষিতে বিএনপির মধ্যে সন্দেহ উঁকি, উঁকিয়ে ওঠছে।
একাধিক কারণে বিএনপির নেতারা পুরো বিষয়টিকে সন্দেহের চোখে দেখছেন এবং বিএনপিকে ফাঁদে ফেলা হচ্ছে কি না?- সেটি নিয়ে ভাবনা-চিন্তা করছেন।
প্রথমত, উজরা জেয়া যখন বাংলাদেশ সফর করলেন, তখন তিনি দিল্লী হয়ে বাংলাদেশে এলেন কেন? কারণ উজরা জেয়া যখন মার্কিন যুক্তরাষ্ট্র থেকে বাংলাদেশে আসছেন। তখন তিনি দিল্লী হয়ে আসছেন। যুক্তরাষ্ট্র থেকে বাংলাদেশে আসতে হয় বা আসার ক্ষেত্রে মধ্যপ্রাচ্যের কোনো দেশ ট্রানজিট হবে- এটাই স্বাভাবিক। কিন্তু তিনি দিল্লী দিয়ে এলেন!- এটি নিয়ে বিএনপির অনেক নেতাই প্রশ্ন করেছেন। তবে কি নরেন্দ্র মোদির সঙ্গে জো বাইডেনের বৈঠকের পর ইতিমধ্যে বাংলাদেশ নিয়ে মার্কিন-ভারত একটি সমঝোতা হয়েছে। এখন যেটি হচ্ছে, তার সবকিছু কি পাতানো খেলা?- এই প্রশ্ন বিএনপির অনেক নেতার।

## ৭ আগস্ট ঢাকায় সমাবেশ করবে

ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ ১৪ দলের সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়।
ঢাকা মহানগর ১৪ দলের সমন্বয়ক ও আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বীরবিক্রমের সভাপতিত্বে সভায় ১৪ দলের কেন্দ্রীয় ও মহানগর নেতারা উপস্থিত ছিলেন।

## আগস্টের আরেক কলঙ্ক

পতন ঘটে এবং গণতান্ত্রিক পথা যাত্রা করে বাংলাদেশ। ১৯৯১ সালের ফেব্রুয়ারির নির্বাচনে বিএনপি ক্ষমতায় আসে। একটি গণতান্ত্রিক পরিবেশের সময় ইনডেমনিটি অধ্যাদেশ বাতিল করা হবে এটিই ছিল প্রত্যাশিত। কিন্তু বেগম খালেদা জিয়াও ইনডেমনিটি অধ্যাদেশ বাতিল করেননি। ১৯৯৬ সালে আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর অবশেষে ইনডেমনিটি অধ্যাদেশ বাতিল হয়। কিন্তু দীর্ঘ ২১ বছর যে অধ্যাদেশটি ইতিহাসের জঘন্যতম একটি কালো আইন বাংলাদেশের আইন হিসেবে ছিল সেটির দায় কে নেবে? সেই সময় আন্তর্জাতিক মহল বিশ্ব সম্প্রদায় কেউ এই আইনের প্রতিবাদ করেননি। বাংলাদেশের খুব কম সংখ্যক সুশীল বুদ্ধিজীবীরাই এর প্রতিবাদ করেছিল। ইনডেমনিটি অধ্যাদেশ ৭৫' এর আরেকটি কলঙ্কজনক অধ্যায় এবং সেই কলঙ্কের ভাগিদার বিএনপি জাতীয় পার্টিসহ সকল রাজনৈতিক দলের।

## বাংলাদেশে তত্ত্বাবধায়ক সরকার

এক প্রশ্নের জবাবে এই মন্তব্য করেন।
মুখপাত্র এ কথাও বলেন, বাংলাদেশের জনগণ যেভাবে চাইবেন, ভোট সেভাবেই হবে। সবকিছু তাঁরাই নির্ধারণ করবেন। তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচন অনুষ্ঠানের দাবি নিয়ে তিনি কোনো মন্তব্য করতে চাননি।
বাংলাদেশের নির্বাচন পরিস্থিতি নিয়ে বিভিন্ন দেশ তৎপর। আন্তর্জাতিক দুনিয়া নানা রকম মন্তব্য করছে, পরামর্শ দিচ্ছে। নির্বাচনকে কেন্দ্র করে প্রধান বিরোধী দলের তৎপরতাও বেড়েছে। বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনারও অনেক দিন পর মাঠের প্রধান বিরোধী দল বিএনপির নেতাদের সঙ্গে বৈঠক করেছেন। সেই বৈঠকের পর বিএনপি নেতারা বলেছেন, তাঁদের আশা, ভোটের আগে তত্ত্বাবধায়ক সরকার গঠিত হবে।
এসব বিষয়ে ভারতের মনোভাব জানতে চাওয়া হলে অরিন্দম বাগচি বলেন, নির্বাচন ঘিরে ওই দেশে বহু ধরনের তৎপরতা দেখা যাচ্ছে। অনেকেই অনেক মন্তব্য করছেন।
আন্তর্জাতিক দুনিয়াও অনেক মন্তব্য করছে। কিন্তু ভারত তো ভারতই। বাংলাদেশের সঙ্গে ভারতের সম্পর্ক অত্যন্ত ঘনিষ্ঠ। বাংলাদেশের ঘটনাবলির প্রতিক্রিয়া ভারতের ওপর পড়ে।
পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র এই প্রসঙ্গে বলেন, বাংলাদেশের নির্বাচন ও গণতান্ত্রিক প্রক্রিয়া সে দেশের মানুষের ইচ্ছানুসারেই হবে। ভারত গভীরভাবে তা পর্যবেক্ষণ করছে। তবে এখনই সে বিষয়ে মন্তব্য করার মতো অবস্থানে ভারত নেই। তিনি বলেন, ভারত চায় নির্বাচন পরিকল্পনামাফিক হোক। সহিংসতা ছাড়া শান্তিপূর্ণ ভোট হোক।
তত্ত্বাবধায়ক সরকার নিয়ে বিএনপি নেতাদের মন্তব্য নিয়ে মুখপাত্র কিছু বলতে চাননি। ভারতের হাইকমিশনারের সঙ্গে বিএনপি নেতাদের বৈঠক নিয়েও তিনি কোনো মন্তব্য করেননি।

## আবারও চট্টগ্রাম ওয়াসার এমডি

এ তথ্য জানানো হয়। প্রজ্ঞাপনে বলা হয়, পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন ১৯৯৬-এর ২৮(২) ধারা মোতাবেক প্রকৌশলী এ কে এম ফজলুল্লাহকে তার বর্তমান চাকরির মেয়াদ পূর্ণ হওয়ার পর অর্থাৎ আগামী ১ নভেম্বর ২০২৩ থেকে তিন বছরের জন্য চট্টগ্রাম ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক হিসেবে নিয়োগ/পুনর্নিয়োগের জন্য সরকারের অনুমোদন নির্দেশনা দেওয়া হলো। ৮১ বছর বয়সী ফজলুল্লাহ ২০০৯ সালের ৬ জুলাই চট্টগ্রাম ওয়াসার চেয়ারম্যান হিসেবে নিয়োগ পান। ২০১১ সালে এমডি পদ তৈরি হওয়ার পর তিনি এমডি হন। আগামী ৩১ অক্টোবর তার পঞ্চম মেয়াদ শেষ হবে। ১৯৬৮ সালে চট্টগ্রাম ওয়াসার সহকারী প্রকৌশলী হিসেবে নিয়োগ পান ফজলুল্লাহ। পরে নির্বাহী প্রকৌশলী হিসেবে পূর্ণ মেয়াদে দায়িত্ব পালন শেষে ১৯৯৮ সালে অবসর নেন। প্রকৌশলী এ কে এম ফজলুল্লাহ বলেন, 'আমি এবার এ পদে আসতে চাইনি। ওয়াসা বোর্ডের সদস্যদের অনুরোধে এ দায়িত্ব নিয়েছি।

## পান্না কায়সার আর নেই

দেশ তখন গণআন্দোলনে উত্তাল। শহীদুল্লাহ কায়সারের হাত ধরে আধুনিক সাহিত্য এবং রাজনীতির সঙ্গে পরিচয় হয় তার।
তার সংসার জীবন স্থায়ী হয় মাত্র দু'বছর ১০ মাসের মত। ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর সন্ধ্যায় আলবদর বাহিনীর সদস্যরা শহীদুল্লা কায়সারকে তার বাসা থেকে ধরে নিয়ে যায়। তারপর আর ফিরে আসেননি তিনি। শহীদজায়া অধ্যাপক পান্না কায়সার ছোট পর্দার জনপ্রিয় অভিনেত্রী শমী কায়সারের মা। এরপর পান্না কায়সার একা হাতে মানুষ করেন তার দুই সন্তান শমী কায়সার এবং অমিতাভ কায়সারকে।
এ ছাড়াও তিনি ১৯৭৩ সাল থেকে শিশু কিশোর সংগঠন 'খেলাঘর'র প্রেসিডিয়াম সদস্য ছিলেন। ১৯৯০ সালে এই সংগঠনের প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করেন তিনি। পান্না কায়সার ১৯৯৬-২০০১ সালের জাতীয় সংসদে আওয়ামী লীগের সংরক্ষিত আসনের সাংসদ ছিলেন।
১৯৫০ সালের ২৫ মে জন্মগ্রহণ করেন পান্না কায়সার। তার স্বামী শহীদুল্লা কায়সার একজন বিশিষ্ট সাংবাদিক, লেখক এবং রাজনীতিক ছিলেন।
মুক্তিযুদ্ধভিত্তিক গবেষণায় অবদান রাখার জন্য তাকে ২০২১ সালের বাংলা একাডেমি সাহিত্য পুরস্কারে ভূষিত করা হয়।

**পান্না কায়সারের মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক**

বরেণ্য লেখক-গবেষক, শিশু-কিশোর আন্দোলনের পুরোধা ব্যক্তিত্ব শহিদজায়া অধ্যাপক পান্না কায়সারের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শুক্রবার (৪ আগস্ট) সকালে প্রধানমন্ত্রী এ শোক জানান।
প্রধানমন্ত্রী মরহুমের আত্মার মাগফিরাত কামনা করেন এবং তার শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।
পান্না কায়সার শহিদ বুদ্ধিজীবী শহীদুল্লা কায়সারের সহধর্মিণী এবং অভিনেত্রী শমী কায়সারের মা। ১৯৫০ সালের ২৫ মে জন্মগ্রহণ করেন তিনি। তাঁর আরেক নাম সাইফুন্নাহার চৌধুরী।
'মুক্তিযুদ্ধের চেতনায় নতুন প্রজন্ম গড়ে তোলা'র স্লোগানে পরিচালিত শিশু কিশোরদের সংগঠন খেলাঘর নিয়ে আজীবন সক্রিয় ছিলেন তিনি। এছাড়াও যুদ্ধাপরাধীদের বিচারে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন তিনি।
পান্না কায়সার বাংলাদেশের মানুষের কাছে এক অনুপ্রেরণার বাতিঘর। ১৯৬৯ সালে শহীদুল্লা কায়সারের সঙ্গে তাঁর বিয়ে হয়। এর অল্প সময়ের ব্যবধানে তিনি স্বামীকে হারান। ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর সন্ধ্যায় আলবদর বাহিনীর কিছু সদস্য শহীদুল্লা কায়সারকে তাঁর ২৯ বি কে গাঙ্গুলী লেনের বাসা থেকে ধরে নিয়ে যায়। তারপর তিনি আর ফিরে আসেননি।

দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com





# তৃপ্তি নিয়েই অবসরে অধিনায়ক তামিম

**স্পোর্টস প্রতিবেদক:** ‘আজকে থেকে বাংলাদেশ দলের ওয়ানডে অধিনায়কত্ব থেকে পদত্যাগ করছি’- বেশ স্বাভাবিক থেকেই বললেন তামিম ইকবাল। এক মাস আগে আন্তর্জাতিক ক্রিকেট থেকে আকস্মিক অবসর ঘোষণার সময় আবেগের কাছে হার মেনে বারবার থমকে যাওয়া সেই তামিমের লেশমাত্রও দেখা গেল না এদিন। অনেকটা স্বাভাবিকভাবেই তিনি জানিয়ে দিলেন অধিনায়কত্ব ছাড়ার খবর। তবে হৃদয়ের সবটুকু তো আর বাইরে ফুটে ওঠে না সবসময়। নেতৃত্ব ছাড়ার বেদনা ঠিকই স্পর্শ করেছে তামিমকে। সেই কষ্টের চেয়েও বেশি রয়েছে অবশ্য নিজের অধিনায়কত্বে দলের সাফল্যের গর্ব। অধিনায়কত্বের অধ্যায়ে পেছন ফিরে তাকিয়ে নিজেকে বেশ ভালো নম্বরই দিয়েছেন অভিজ্ঞ এই ব্যাটসম্যান। চিকিৎসা নিতে লন্ডন যাওয়ার আগেই তামিম বলেছিলেন, দেশে ফিরে বিসিবির ক্রিকেট পরিচালনা বিভাগের চেয়ারম্যান জালাল ইউনুসের সঙ্গে আলোচনায় বসবেন তিনি। সেখানেই আসতে পারে গুরুত্বপূর্ণ কোনো সিদ্ধান্ত। সেই অনুযায়ী বৃহস্পতিবার হলো সেই আলোচনা। যেখানে থাকলেন বিসিবি সভাপতি নাজমুল হাসানও। এ দিন রাতে তার বাসভবনে সবার আগে হাজির হন জালাল। কিছুক্ষণ পর আসেন তামিমও। পরে নাজমুল হাসান এলে শুরু হয় তিন জনের বৈঠক। প্রায় ঘণ্টাখানেকের আলোচনার পর সংবাদ সম্মেলনে অধিনায়কত্ব ছাড়ার ঘোষণা দেন তামিম। তাকে মূল্যায়ন করতে বলা হয় নিজের অধিনায়কত্ব। ৩৪ বছর বয়সী ব্যাটসম্যান শোনালেন তৃপ্তির কথাই। “আমি মনে করি (অধিনায়ক হিসেবে) যাত্রাটা দারুণ ছিল। ফলাফলই এর পক্ষে কথা বলবে। আমার মনে হয়, আমি অধিনায়ক হিসেবে খুব ভালো করেছি।” ২০১৯ বিশ্বকাপের পর মাশরাফি বিন মুর্তজার চোটে প্রথমবার ওয়ানডে অধিনায়কত্ব পান তামিম। পরের বছর মাশরাফি দায়িত্ব ছাড়লে পাকাপাকিভাবে তাকেই নেতৃত্বের ভার দেয় বিসিবি। নিয়মিত ওয়ানডে অধিনায়ক হিসেবে মাঠের ক্রিকেটে তার দায়িত্ব শুরু হয় ২০২১ সালের জানুয়ারিতে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে সিরিজ দিয়ে। সব মিলিয়ে ৩৭টি ম্যাচে বাংলাদেশকে নেতৃত্ব দেন তামিম। এর মধ্যে জয় ২১টি, পরাজয় ১৪টি। ফলাফল হয়নি দুই ম্যাচে। সাফল্যের শতকরা হার ৬০ শতাংশ। বাংলাদেশকে ৫টির বেশি ওয়ানডেতে নেতৃত্ব দেওয়া অধিনায়কদের মধ্যে সাফল্যের হারে তিনিই সফলতম। তার অধিনায়কত্বে বিশ্বকাপ সুপার লিগে তৃতীয় অবস্থানে থেকে সরাসরি মূল পর্বের টিকেট নিশ্চিত করে বাংলাদেশ। তার পরও অধিনায়কত্ব ছেড়ে দেওয়ার পেছনে তার চোটের কারণে তৈরি অনিশ্চয়তার কথাই বারবার বললেন তামিম। দলের কথা ভেবেই নেতৃত্বকে বিসর্জন দিয়েছেন বলে দাবি তার। “আমি (নাজমুল হাসান) পাপন ভাইকে একটা কথাই বলেছি যে, আমি যদি অধিনায়ক হিসেবে থেকে যেতে চাই, তাহলে সেটা স্বার্থপরের মতো কাজ হবে। কারণ আমার মনে হয়, আমি একটা সিরিজ খেলছি না এবং এরপরও প্রশ্নের জায়গা আছে এই অবস্থায় যদি আমি দায়িত্বটা ধরে রাখি, তাহলে এটি স্বার্থপরতা হবে। যারা আমাকে চেনে, আমি সবসময়ই নিজের চেয়ে দলকে এগিয়ে রাখি।” “আমি হয়তো নামে অধিনায়ক থাকব না। কিন্তু একাদশে যখনই খেলব, আমি অধিনায়ক হিসেবেই কাজ করব। অধিনায়ক হিসেবে বলতে, যে অধিনায়কত্ব করবে, তাকে আমার তরফ থেকে যতটা সাহায্য করা সম্ভব, সবই করার চেষ্টা করব। হয়তো (অধিনায়ক হিসেবে) নামটা থাকবে না, তবে নিজের সর্বোচ্চটাই দেব নতুন অধিনায়ককে।” তামিম দায়িত্ব ছাড়ায় নতুন কাকে অধিনায়ক করা হবে, তা এখনই ঠিক করেনি বিসিবি। কিছু দিন সময় নিয়ে জানানো হবে এই সিদ্ধান্ত। তবে নতুন যে-ই দায়িত্ব পান, তার ও দলের প্রতি একটাই বার্তা সদ্য বিদায়ী অধিনায়ক তামিমের। “আমার কাছ মনে হয়, সবার লক্ষ্যটা একই। একদিকেই তাকিয়ে আছি আমরা, বিশ্বকাপে খুব ভালো করা। আমি অধিনায়ক থাকি বা অন্য কেউ থাকুক, লক্ষ্য একটাই। এটা নতুন করে আর বলার কিছু নেই।” ২০২০ সালে অধিনায়কত্ব পাওয়ার পর থেকে বেশ কয়েকবারই দলকে নিয়ে ২০২৩ বিশ্বকাপে বড় স্বপ্নের কথা বলেছেন তামিম। সে লক্ষ্যে যাত্রাটাও ছিল দারুণ। বিশ্বকাপ সুপার লিগে বাংলাদেশের পারফরম্যান্সই এর প্রমাণ। কিন্তু পরিস্থিতির কারণে এখন বিশ্বকাপের দুই মাস আগে সরে গেলেন দায়িত্ব থেকে। স্বাভাবিকভাবেই সেই কষ্ট আছে তামিমের মনের গভীরে। “আমি যদি বলি যে, আমার খারাপ লাগছে না, তাহলে মিথ্যা বলা হবে। কারণ এতদিন একটা দলের সঙ্গে ছিলামৃ দিন শেষে ৯০ ভাগ মানুষ হয়তো স্বার্থপর হয়ে সিদ্ধান্ত নেয়। কিন্তু যখন দল সামনে আসে তখন স্বার্থপরতার ব্যাপারটা দূরে রাখতে হবে। কারণ দল ও দেশ যে কোনো ব্যক্তির চেয়ে অনেক বড়।” “আমার এই সিদ্ধান্ত নেওয়ার পেছনে, এই একটাই কারণ ছিল যে, আমি নিজের সন্তুষ্টির কথা না ভেবে দল ও দেশের কথা ভেবেছি। এই সিদ্ধান্তের ব্যাপারে আমরা মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে কথাও বলেছি। উনাকে যখন বুঝিয়েছি, উনি বুঝেছেন এবং আমাকে দোয়া দিয়েছেন ও বলেছেন ‘তুমি খেলো। তুমি মাঠে থাকো।’ এটাই আমার সবচেয়ে বড় চাওয়া। এই তো! এরপর আর কিছু বলার নেই।”



# বোলারদের নৈপুণ্যে ভারতকে হারাল উইন্ডিজ

**স্পোর্টস ডেস্ক :** জয়ের জন্য ৩০ বলে প্রয়োজন ৩৭ রান, হাতে ৬ উইকেট। ম্যাচ তখন হেলে ভারতের দিকে। কিন্তু মোড় ঘুরে গেল এক ওভারে। জেসন হোল্ডার কোনো রান না দিয়ে তুলে নিলেন একটি উইকেট। রান আউটও হলো একটি। মাঝারি পুঁজি নিয়ে দারুণ এক জয়ের আনন্দে মাতল ওয়েস্ট ইন্ডিজ। প্রথম টি-টোয়েন্টিতে ভারতকে ৪ রানে হারিয়ে পাঁচ ম্যাচের সিরিজে এগিয়ে গেল ক্যারিবিয়ানরা। ত্রিনিদাদের ব্রায়ান লারা স্টেডিয়ামে দুই দিন আগে শেষ ওয়ানডেতে ৩৫১ রানের পুঁজি গড়ে ওয়েস্ট ইন্ডিজকে ২০০ রানে হারিয়েছিল ভারত। একই উইকেটে এবার হলো কুড়ি ওভারের ক্রিকেট। তবে উইকেট ছিল এবার বেশ মন্থর। আগে ব্যাটিং করে ওয়েস্ট ইন্ডিজ ৬ উইকেটে তোলে ১৪৯ রান। ৩২ বলে ৩টি করে ছক্কা ও চারে সর্বোচ্চ ৪৮ রান করেন অধিনায়ক রভম্যান পাওয়েল। ৩৪ বলে ৪১ রান করেন নিকোলাস পুরান। আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে ২০০ ম্যাচের মাইলফলক প্রথম ছুঁয়েছিল পাকিস্তান। দ্বিতীয় দল হিসেবে এই কীর্তি গড়ার দিনে ভারত ৯ উইকেটে করতে পারে ১৪৫ রান। আইপিএলে ঝড় তুলে জাতীয় দলে সুযোগ পাওয়া তিলক ভার্মা আন্তর্জাতিক অভিষেকে ২২ বলে ৩ ছক্কা ও ২ চারে খেলেন ৩৯ রানের ঝড়ো ইনিংস। আর কেউ পারেননি প্রত্যাশা পূরণ করতে। হোল্ডার ৪ ওভারে ১৯ রানে নেন ২ উইকেট। ম্যাচের সেরাও এই পেস বোলিং অলরাউন্ডার। ওবেড ম্যাককয় ২৮ রানে ও রোমারিও শেফার্ড ৩৩ রানে নেন ২টি করে উইকেট। স্পিনার আকিল হোসেন ১৭ রান দিয়ে ধরেন একটি শিকার। টস জিতে ব্যাটিংয়ে নেমে ব্র্যান্ডন কিংয়ের ব্যাটে ভালো সূচনা পায় ওয়েস্ট ইন্ডিজ। প্রথম চার ওভারে তারা তুলে ফেলে ২৯ রান। এরপর আসে জোড়া ধাক্কা। পঞ্চম ওভারে প্রথমবার বোলিংয়ে এসে প্রথম তিন বলের মধ্যে দুই ওপেনারকে বিদায় করে দেন লেগ স্পিনার যুজবেন্দ্র চেহেল। কাইল মেয়ার্সের পর কিং, দুজনই হন এলবিডব্লিউ। মেয়ার্স যদিও রিভিউ নিলে বেঁচে জেতেন। রিপ্লেতে দেখা যায়, বল স্টাম্প মিস করে যেত। ১৯ বলে ৪টি চার ও একটি ছক্কায় ২৮ রান করা কিং নষ্ট করেন একটি রিভিউ। তিনে নেমে টিকতে পারেননি জনসন চার্লস। তার অসাধারণ একটি ক্যাচ নেন তিলক। ডিপ মিড উইকেট থেকে বাঁ দিকে অনেকটা দৌড়ে গিয়ে ডাইভ দিয়ে বল মুঠোয় জমান তিনি। দলকে এরপর এগিয়ে নেন পুরান ও পাওয়েল। ৪০ বলে ৩৮ রানের জুটি গড়েন দুজন। শর্ট বলে পুরানকে বিদায় করে দেন ভারতের ভারপ্রাপ্ত অধিনায়ক হার্দিক পান্ডিয়া। পাওয়েল বাড়ান রান। পঞ্চম উইকেটে শিমরন হেটমায়ারের সঙ্গে আরেকটি ৩৮ রানের জুটি গড়েন ক্যারি-বিয়ান অধিনায়ক। এই জুটিতে বল লাগে স্রেফ ২৪টি। শেষ তিন ওভারে অবশ্য প্রত্যাশিত ঝড় তুলতে পারেনি স্বাগতিকরা। অবিশ্বাস্যভাবে এই সময়ে আসেনি কোনো বাউন্ডারি! শেষের আগের ওভারে হেটমায়ার ও পাওয়েলকে ফিরিয়ে দেন আর্শদিপ সিং। ভারতের তিন স্পিনারের বিপরীতে একমাত্র স্পিনার নিয়ে বোলিং বিভাগ সাজানো ওয়েস্ট ইন্ডিজ বোলিং শুরু করে স্পিন দিয়েই। সেই আকিলের হাত ধরেই আসে প্রথম সাফল্য।

# চীনের গুপ্তচরবৃত্তি, মার্কিন নৌবাহিনীর ২ নাবিক গ্রেপ্তার

**আন্তর্জাতিক ডেস্ক :** চীনের কাছে সংবেদনশীল জাতীয় নিরাপত্তা তথ্য হস্তান্তরের অভিযোগে দুই মার্কিন নৌবাহি-নীর নাবিককে গ্রেপ্তার করা হয়েছে। গত বৃহস্পতিবার মার্কিন কর্মকর্তারা এই তথ্য জানিয়েছেন। কর্মকর্তারা বলেছেন, মার্কিন সামরিক বাহিনীর সংবেদনশীল কিছু তথ্য, তথ্যের ছবি ও ভিডিওর বিনিময়ে প্রায় ১৫ হাজার ডলার নিয়েছেন এক নাবিক। এর জেরে ২৬ বছর বয়সী পেটি অফিসার ওয়েনহেং ঝাও-এর বিরুদ্ধে ষড়যন্ত্র ও ঘুষ নেওয়ার অভিযোগ আনা হয়েছে। এদিকে মার্কিন নৌবাহিনীর অন্য আরেক নাবিক জিনচাও ওয়েই এর বিরুদ্ধে হাজার হাজার ডলারের বিনিময়ে চীনের কাছে জাতীয় প্রতিরক্ষা তথ্য পাঠানোর অভিযোগ আনা হয়েছে। তার বয়স প্রকাশ করা হয়নি। মার্কিন সহকারী অ্যাটর্নি জেনারেল ম্যাট ওলসেন সান দিয়েগোতে সাংবাদিকদের বলেছেন, অভিযুক্তদের এমন কর্মকাণ্ডে ‘সংবেদনশীল সামরিক তথ্য চীনের হাতে চলে গেছে।’ মার্কিন কর্মকর্তাদের মতে, অভিযুক্ত ঝাও চীনের কাছে ইন্দো-প্যাসিফিক অঞ্চলে মার্কিন সামরিক মহড়ার পরিকল্পনা, জাপানের ওকিনাওয়াতে মার্কিন সামরিক ঘাঁটিতে একটি রাডার সিস্টেমের জন্য বৈদ্যুতিক চিত্র, ব্লু-প্রিন্ট, ভেনচুরা কাউন্টি এবং সান ক্লেমেন্তে মার্কিন নৌ সুবিধার নিরাপত্তার বিশদ তথ্য পাঠিয়েছে। আরেক অভিযুক্ত নাবিক ওয়েই, ইউএসএস এসেক্স নামে যুদ্ধজাহাজে কর্মরত ছিলেন। এসেক্সে জাহাজের অস্ত্র, শক্তি কাঠামো এবং অপারেশনগুলোর কয়েক ডজন প্রযুক্তিগত ম্যানুয়ালসহ অন্যান্য আমেরিকান যুদ্ধজাহাজ সম্পর্কে তথ্য পাঠিয়েছেন চীনের কাছে। তবে ওয়েই এবং ঝাও কীভাবে চীনের কাছে এই তথ্যগুলো পাচার করেছেন তার সম্পর্কে তাৎক্ষণিকভাবে কিছু জানা যায়নি। বৃহস্পতিবার একটি সংবাদ সম্মেলনে মার্কিন কর্মকর্তারা চীনের কাছে গুপ্তচরবৃত্তি কারার নিন্দা জানিয়েছেন। এফবিআই স্পেশাল এজেন্ট স্টেসি ময় বলেন, ‘চীনের চেয়ে বড় কোনো হুমকি যুক্তরাষ্ট্রের জন্য নেই। বেইজিং বিশ্বের একমাত্র পরাশক্তি হয়ে ওঠার জন্য মার্কিন যুক্তরাষ্ট্রকে আক্রমণ করতে পারে, তাদের সহজে থামানো যাবে না।’ সূত্র : রয়টার্স



# মেয়াদ শেষের আগেই ভেঙে যাচ্ছে পাকিস্তানের সংসদ

**আন্তর্জাতিক ডেস্ক :** পাকিস্তানে আগামী জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র খনে খনে বদলে যাচ্ছে রাজনীতির চিত্র। সে দেশের আসন্ন নির্বাচনকে কেন্দ্র করে বড় বড় রাজনেতিক দলগুলোর মধ্যে প্রকাশে বিরোধ দেখা দিয়েছে। এই নির্বাচন অনুষ্ঠিত হবে কেয়ারটেকার সরকারের অধীনে। সে সরকারের গঠন নিয়ে এখন চলছে শেষ মুহূর্তের প্রস্তুতি। পাকিস্তানে রাজনৈতিক অঙ্গনে সবচেয়ে সরব ছিলেন সাবেক প্রধানমন্ত্রী ইমরান খান। এখন তিনি অনেকটাই নিরব। এদিকে সংবিধান অনুযায়ী সংসদ ভেঙে দিয়ে ক্ষমতা হস্তান্তরের প্রস্তুতি নিচ্ছে পাকিস্তান সরকার। এরই অংশ হিসেবে সংসদ ভেঙে দিয়ে নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের সুযোগ তৈরির দিনক্ষণও স্পষ্ট করেছেন দেশটির প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ। আগামী বুধবার ক্ষমতা হস্তান্তরের সিদ্ধান্ত জানিয়েছেন তিনি। সংসদ সদস্যদের সম্মানে আয়োজিত নৈশ্যভোজে পাকিস্তানের রাজনৈতিক পরিস্থিতি নিয়ে বিস্তর আলোচনার পর এই সিদ্ধান্ত আসে। গত বৃহস্পতিবারের ওই বৈঠকে প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ সংসদ সদস্যদের মতামত চাওয়ার পাশাপাশি তত্ত্বাবধায়ক সরকার গঠনের ব্যবস্থা নিয়েও আলোচনা করেন।



# মেক্সিকোতে বাস খাদে পড়ে ১৮ জনের মৃত্যু

**আন্তর্জাতিক ডেস্ক :** মেক্সিকোয় অভিবাসীবাহী বাস খাদে পড়ে অন্তত ১৮ জনের মৃত্যু হয়েছে। এ ঘটনায় আহত হয়েছেন আরও ২৩ জন। ফরাসি সংবাদমাধ্যম লা মন্ডের প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে। স্থানীয় কর্তৃপক্ষ জানিয়েছে, গত বৃহস্পতিবার দিবাগত রাতে ৪০ জন যাত্রী নিয়ে বাসটি মেক্সিকোর রাজধানী মেক্সিকো সিটি থেকে উত্তর-পশ্চিমাঞ্চলীয় রাজ্য নায়ারিতের শহর তিজুয়ানার দিকে যাচ্ছিল। পথিমধ্যে বাসটি অতিরিক্ত গতির কারণে নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়ে যায়। স্থানীয় নাগরিক সুরক্ষা বিভাগ জানিয়েছে, বাসটি প্রায় ৪০ জন লোক নিয়ে মেক্সিকো সিটি থেকে উত্তর-পশ্চিমাঞ্চলীয় শহর তিজুয়ানায় যাচ্ছিল। শহরটি যা সান ডিয়েগোর সীমান্তবর্তী-যেখান থেকে অসংখ্য অভিবাসী মেক্সিকো হয়ে যুক্তরাষ্ট্রে আশ্রয় নেয়ার চেষ্টা করে। সংস্থাটি জানিয়েছে, ‘অধিকাংশ যাত্রীরা বিদেশি এবং তারা মূলত ভারত, ডমিনিকান প্রজাতন্ত্র এবং আফ্রিকা মহাদেশের বিভিন্ন দেশ থেকে আগত।’ তারা জানিয়েছে, দুর্ঘটনায় বেঁচে ফেরাদের আটক করা হয়েছে। চালককে অতিরিক্ত গতিতে গাড়ি চালানোর অভিযোগে আটক করা হয়েছে। এর আগে, চলতি বছরের ফেব্রুয়ারিতে ভেনেজুয়েলা, কলম্বিয়া এবং মধ্য আমেরিকার দেশগুলো থেকে আগত অভিবাসীবাহী একটি বাস দুর্ঘটনায় পড়লে অন্তত ১৭ জন নিহত। গত জুলাই মাসে ওক্সাকায় একটি যাত্রীবাহী বাস একটি পাহাড়ি রাস্তা থেকে ছিটকে খাদে পড়ে গেলে কমপক্ষে ২৯ জন নিহত হয়।

# এরদোগানই পারেন পুতিনকে শস্যচুক্তিতে ফিরাতে : কুলেবা

**আন্তর্জাতিক ডেস্ক :** দিন দিন বিশ্বে খাদ্য সামগ্রীর দাম বাড়ছে। বিশেষ করে রাশিয়া-ইউক্রেনের মধ্যে শস্যচুক্তি স্থগিত হওয়ার পর এই হার তীব্র আকার ধারণ করেছে। জাতিসংঘ আশঙ্কা করছে ভয়াবহ খাদ্য সংকটে পড়তে যাচ্ছে বিশ্ব। তাই দ্রুত এই চুক্তি আবার নবায়ন করতে হবে। আর সে জন্য উদ্যোগ নিতে হবে দ্রুত।ইউক্রেনের পররাষ্ট্রমন্ত্রী দিমিত্রো কুলেবা মনে করেন তুরস্কের দ্বারা এই চুক্তি আবার নবায়ন করা সম্ভব। জানা যায়, তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগানই একমাত্র ব্যক্তি যিনি রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনকে কৃষ্ণসাগরের শস্যচুক্তিতে ফিরিয়ে আনতে পারেন। এমনটি মনে করেন ইউক্রেনের পররাষ্ট্রমন্ত্রী দিমিত্রো কুলেবা। গত বৃহস্পতিবার ইউক্রিনফর্ম নিউজ এজেন্সির সঙ্গে এক সাক্ষাৎকারে তিনি এসব কথা বলেন। খবর ডেইলি সাবাহর। দিমিত্রো কুলেবা বলেন, ইউক্রেন এরদোগানের সঙ্গে পুতিনকে কৃষ্ণসাগরের শস্যচুক্তিতে ফিরিয়ে আনার জন্য সমন্বয় করছে।

# কৃষ্ণ সাগরের তীরে রুশ নৌঘাঁটিতে ইউক্রেনের হামলা

**আন্তর্জাতিক ডেস্ক :** ইউক্রেন কৃষ্ণ সাগরের তীরে রাশিয়ার নৌঘাঁটির ওপর ড্রোন হামলা চালিয়েছে। রাশিয়া ক্ষয়ক্ষতি অস্বীকার করলেও বিস্ফোরণের শব্দ শোনা গেছে। সেনাবাহিনীতে আরো মানুষ যোগ দিচ্ছে বলে মস্কো দাবি করছে। গত কয়েকদিন একাধিক শহরের ওপর রাশিয়ার হামলার শিকারহবার পর ইউক্রেন আবার পালটা হামলা চালাতে শুরু করেছে। গত বৃহস্পতিবার ইউক্রেন ইরানে তৈরি ১৫টি শাহেদ ড্রোন ধ্বংস করেছে। অন্যদিকে রুশ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সূত্র অনুযায়ী মস্কো থেকে প্রায় ১৯০ কিলোমিটার দূরে কালুগা এলাকায় ৬টি ইউক্রেনীয় ড্রোন ধ্বংস করা হয়েছে। গতকাল শুক্রবার সকালে ইউক্রেনের সমুদ্রভিত্তিক ড্রোন কৃষ্ণ সাগরের তীরে নভোরোসিয়েক শহরে রুশ নৌঘাঁটির ওপর হামলা চালিয়েছে। তবে রুশ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সূত্র অনুযায়ী, রাশিয়ার রণতরী সেই ড্রোন ধ্বংস করে দিয়েছে। রাশিয়ার রপ্তানির জন্য গুরুত্বপূর্ণ এই বন্দরের কাজকর্ম সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে। তবে পাইপলাইনের মাধ্যমে পেট্রোলিয়াম এনে রপ্তা-নির জন্য জাহাজে ভরার কাজ চালু আছে বলে সংশ্লিষ্ট কোম্পানি দাবি করছে। আপাতত রাশিয়ার সামাজিক যোগাযোগ মাধ্যমে গতকাল শুক্রবার সকালে সেই শহরে বিস্ফোরণ ও বন্দুকের শব্দের উল্লেখ করা হয়েছে। শুধু গতকাল শুক্রবার সকালেই অধিকৃত ক্রাইমিয়া উপদ্বীপের উপর ইউক্রেনের দশটি সি-ড্রোন ধ্বংস করা হয়েছে বলে রাশিয়া দাবি করছে। জাতিসংঘের উদ্যোগে খাদ্যশস্য রপ্তানি সংক্রান্ত চুক্তি থেকে রাশিয়া সম্প্রতি বেরিয়ে আসার পর থেকে কৃষ্ণ সাগর ও আশেপাশের বন্দরে হামলা ও সংঘর্ষের ঘটনা বাড়ছে। রাশিয়া ড্রোন ও ক্ষেপণাস্ত্র ব্যবহার করে ইউক্রেনের বেশ কয়েকটি বন্দর ও শস্যভাণ্ডারের উপর হামলা চালিয়ে আসছে। ইউক্রেনও সি-ড্রোন ব্যবহার করে রাশিয়ার এক রণতরির উপর হামলা চালাচ্ছে বলে মস্কো অভিযোগ করছে। ইউক্রেনের ওপর হামলা চালাতে গিয়ে রাশিয়ার অসংখ্য সৈন্য হতাহত হওয়ায় নতুন করে আরো সৈন্য নিয়োগের উদ্যোগ দেখা যাচ্ছে।



# মণিপুরে জনতার সংঘর্ষে পুলিশ নিহত

**আন্তর্জাতিক ডেস্ক :** উত্তেজনা থামছেই না ভারতের উত্তর-পূর্ব রাজ্য মণিপুরে। গত বৃহস্পতিবার রাজ্যের রাজধানী ইমফলে এক পুলিশ কর্মকর্তা গুলিতে নিহত হয়েছেন। অন্যদিকে বিষ্ণুপুরে অন্তত দুটি নিরাপত্তা চৌকিতে হামলার চালিয়ে স্বয়ংক্রিয় বন্দুকসহ অস্ত্র ও গোলাবারুদ লুট করেছে বিক্ষুব্ধরা। মণিপুর পুলিশ জানায়, বিষ্ণুপুরে মণিপুর সশস্ত্র পুলিশের দ্বিতীয় ব্যাটালিয়নের কেইরেনফাবি পুলিশ ফাঁড়ি এবং থাঙ্গালাওয়াই পুলিশ ফাঁড়িতে হামলায় চালায় একদল নারী-পুরুষ। তারা ভাঙচুর করার পাশাপাশি অস্ত্র লুট করে।বিক্ষুব্ধরা হেইনগাং এবং সিংজামেই থানা থেকেও অস্ত্র ও গোলাবারুদ লুটের চেষ্টা করেছিল। তবে নিরাপত্তা বাহিনী তাদের প্রচেষ্টাকে ব্যর্থ করে দেয়। সরকারি বিবৃতিতে বলা হয়েছে, সশস্ত্র আক্রমণকারী এবং নিরাপত্তা বাহি-নীর মধ্যে কাউতরুক, হারাওথেল ও সেনজাম চিরাং এলাকায় গোলাগুলি হয়েছে।

## বিনোদন

# আসছে ভালোবাসার গল্পের ১২ সিনেমা

**বিনোদন প্রতিবেদক :** মোস্তফা সরয়ার ফারুকীর নেতৃত্বে ১২ জনপ্রিয় নির্মাতা ১২টি ভালোবাসার গল্পের ওয়েব ফিল্ম নির্মাণ করছেন। এই প্রজেক্টের চরকি নাম দিয়েছে ‘মিনিস্ট্রি অব লাভ’। ঢাকার একটি অভিজাত হোটেলে গত বৃহস্পতিবার সন্ধ্যায় সিনেমাগুলোর পরিচালক ও নাম জানানো হয়েছে। আয়োজনে চরকির সিইও রেদওয়ান রনি জানান, ২০২৩ এবং ২০২৪-এর মধ্যে পর্যায়ক্রমে এই ফিল্মগুলো রিলিজ হবে চরকিতে। ফারুকী জানান, এই ১২টি সিনেমায় দেখা যাবে ভালোবাসার ভিন্ন সব রঙ, বিচিত্র সব রূপ এবং বৈচিত্র্যময় সব অনুভূতির গল্প।





যারা নির্মাণ করছেন ১২ সিনেমা

১. সামথিং লাইক এন অটোবায়োগ্রাফি, পরিচালক: মোস্তফা সরয়ার ফারুকী
২. লাস্ট ডিফেন্ডারস অব মনোগেমি, পরিচালক: মোস্তফা সরয়ার ফারুকী
৩. ফরগেট মি নট, পরিচালক: রবিউল আলম রবি
৪. কাছের মানুষ দূরে থুইয়া, পরিচালক: শিহাব শাহীন
৫. উঁকি, পরিচালক: রেদওয়ান রনি
৬. উই নিড টু টক, পরিচালক: আশফাক নিপুণ
৭. অবনী, পরিচালক: আবু শাহেদ ইমন
৮. মুহাব্বাত, পরিচালক: রায়হান রাফী
৯. ৫০/৫০, পরিচালক: রাকা নোশিন নাওয়ার ও শঙ্খ দাশগুপ্ত

# বার্বি থিমে গোলাপি কফিন

**বিনোদন ডেস্ক :** বিশ্বের সবচেয়ে জনপ্রিয় পুতুল ‘বার্বি’কে নিয়ে তৈরি হয়েছে হলিউড চলচ্চিত্র ‘বার্বি’। সিনেমাটি মুক্তির পর থেকে ‘বার্বি’ থিমে সেজে উঠেছে সবকিছু। সকলেই মেতেছেন বার্বির গোলাপি রঙের উৎসবে। বার্বি আসক্ত হয়ে ‘বার্বি’ সেজেই সিনেমা হলে যাচ্ছেন অনেকে। সিনেমাটি মুক্তির পর থেকে এখন পর্যন্ত ‘বার্বি’ থিমে তৈরি হয়েছে জামা, জুতা থেকে আসবাবপত্র। গোলাপি রঙে সাজছে সবকিছু। তবে এবার ‘বার্বি’ থিমে তাক লাগিয়ে দিলো গোলাপি কফিন! ‘নিউ ইয়র্ক পোস্টের একটি প্রতিবেদন অনুসারে, অলিভারেস ফিউনারেল হোম নামে একটি কোম্পানি ‘বার্বি’র থিমে প্রস্তুত করেছে কফিন। এই আকর্ষণীয় গোলাপি কফিনের ওপর লেখা হয়েছে, ‘এরপর আপনি বার্বির মতো বিশ্রাম নিতে পারবেন।’ কফিনের একটি প্রচারমূলক ভিডিওতে কোম্পানিটি বলেছে, যিনি মারা গেছেন তার বেঁচে থাকা সময়ের অবিস্মরণীয় মুহূর্তগুলোর প্রতিনিধিত্ব করবে এই কফিনটির উজ্জ্বল গোলাপি রঙ। আমাদের মারা যাওয়ার পর আমাদের গল্পগুলো মনে রাখা উচিত সকলের এবং এই গোলাপি রঙ বার বার সকলকে মনে করিয়ে দেবে সেটি। আমাদের প্রতি শ্রদ্ধাঞ্জলি, ভালোবাসা ও অবিস্মরণীয় স্মৃতির একটি উদযাপন হবে এই রঙ।



# চলে গেলেন ‘মিস ভেনিজুয়েলা’

**বিনোদন ডেস্ক :** গাড়ি দুর্ঘটনায় আহত হাসপাতালে ভর্তি থাকার কয়েক সপ্তাহের মধ্যে মারা গেলেন ভেনিজুয়েলার সুন্দরী ‘মিস ভেনিজুয়েলা’ আরিয়ানা ভিয়েরা। মাত্র ২৬ বছরেই না-ফেরার দেশে চলে গেলেন আরিয়ানা। নিউ ইয়র্ক পোস্ট বলছে, গত ১৩ জুলাই অরল্যান্ডোতে একটি ট্রাকের সঙ্গে মিস ভিয়েরার গাড়ির মারাত্মক সংঘর্ষ হয়। তখনই লরির চাকায় পিষ্ট হয়ে গুরুতর জখম হন তিনি। দুর্ঘটনার ১০ দিন পর মিস ভেনিজুয়েলার মা ভিভিয়ান ওচোয়া একটি আন্তর্জাতিক টিভি চ্যানেলকে জানিয়েছেন, গাড়ি চালানোর সময় আরিয়ানা ক্লান্ত হয়ে ঘুমিয়ে পড়েন। এরপর একটি লেকের ধারে তার গাড়ির সঙ্গে লরির মারাত্মক সংঘর্ষ হয়। স্থানীয় বাসিন্দারা আরিয়ানাকে উদ্ধার করে স্থানীয় একটি হাসপাতালে ভর্তি করান। তবে চিকিৎসা চলাকালীন তিনি নিজেকে আর পুনরুদ্ধার করতে পারেননি। শেষমেশ হৃদরোগে আক্রান্ত হয়ে মারা গিয়েছেন মিস ভেনিজুয়েলা। আগামী অক্টোবরে ডোমিনিকান রিপাবলিকের ২০২৩-এর মিস লাতিন আমেরিকায় নিজের দেশের প্রতিনিধিত্ব করার কথা ছিল আরিয়ানার; কিন্তু তার আগেই সব শেষ হয়ে গেল। মিসেস ভিয়েরার মৃত্যু সোশ্যাল মিডিয়ায় বেশ আলোচনার জন্ম দিয়েছে। কারণ মাত্র দুই মাস আগেই নিজের শেষকৃত্য সম্পর্কে একটি ভিডিও শেয়ার করেছিলেন তিনি। যেখানে তিনি লিখেছেন-আমার ভবিষ্যৎ অন্ত্যেষ্টিক্রিয়ার জন্য নিজেকে রেকর্ড করছি।



# যুক্তরাষ্ট্রে সম্মাননা পাচ্ছেন ববিতা

**বিনোদন ডেস্ক :** যুক্তরাষ্ট্রের ডালাস অঙ্গরাজ্যে আয়োজিত ‘ডালাস বাংলা চলচ্চিত্র উৎসবে’ আজীবন সম্মাননা পাচ্ছেন বরেণ্য অভিনেত্রী ববিতা। ডালাস অ্যাঞ্জেলিকা ফিল্ম সেন্টারে অনুষ্ঠিতব্য এ আয়োজন করছে ‘সৃজনের হাট’ নামে একটি সংগঠন। আয়োজকরা জানিয়েছেন, এটি উৎসবের ষষ্ঠ আসর, যা শুরু হচ্ছে শুক্রবার।?ববিতা অভিনীত ‘নয়নমনি’ সিনেমা দিয়েই উৎসবটি শুরু হবে। এটি উদ্বোধনও করবেন ববিতা।?জানা গেছে, আয়োজনে তাঁর হাতে সম্মাননা তুলে দেবেন ডালাসের মেয়র। বিষয়টি নিয়ে ববিতা বলেন, ‘যে কোনো সম্মাননাই একজন শিল্পীর জন্য সম্মানের। শিল্পী-রা কাজের মূল্যায়ন চায়। সেটা যদি পায় তাহলে তৃপ্তি, কাজের আগ্রহ আরও বেড়ে যায়। এ উৎসবে সবকিছু বলা যায় আমাকে ঘিরেই হচ্ছে। তাই বেশ ভালো লাগছে। বিশ্বের প্রায় সব বড় চলচ্চিত্র উৎসবে যাওয়ার সুযোগ হয়েছে আমার। দেশি-বিদেশি অনেক পুরস্কারও পেয়েছি। সব সম্মাননাই আমার কাছে অনেক গৌরবের।’ চিত্রনায়িকা ববিতা গত দুই মাসেরও বেশি সময় অবস্থান করছিলেন কানাডায় তাঁর একমাত্র ছেলে অনিকের কাছে।

# পান্না কায়সারের মৃত্যুতে স্তব্ধ মিম

**বিনোদন প্রতিবেদক :** ঢাকাই সিনেমার চিত্রনায়িকা বিদ্যা সিনহা মিম। তার নতুন সিনেমা ‘দিগন্তে ফুলের আগুন’। এতে পান্না কায়সারের চরিত্রে অভিনয় করছেন তিনি। চরিত্রটির জন্য পান্না কায়সারের টিভি সাক্ষাৎকার, বই পড়ে ধারণা নিয়েছেন। তা ছাড়াও পান্না কায়সারের মেয়ে অভিনেত্রী শমী কায়সারের কাছ থেকেও ধারণা নেন মিম। তারপরই মূলত সিনেমাটির দুই দিন শুটিং করেন। গতকাল শুক্রবার পান্না কায়সারের সঙ্গে মিমের দেখা করা কথা ছিল। কিন্তু আজ ঘুম থেকে উঠেই জানতে পারেন পান্না কায়সার মারা গেছেন। এমন ঘটনায় স্তব্ধ মিম। অধরাই থেকে গেলো মিমের চাওয়া। এ নিয়ে তার আফসোসের যেন শেষ নেই! শুক্রবার মিম তার ফেসবুকে একটি স্ট্যাটাস দিয়েছেন। তাতে এ অভিনেত্রী বলেন, ‘‘বিধাতার কি এক অদ্ভুত সমীকরণ। আমরা ভাবি এক কিন্তু তার পরিকল্পনা আরেক- যা সাধারণের বোঝা বড় দায়। ‘দিগন্তে ফুলের আগুন’ সিনেমার শুটিং করছি। এই সিনেমায় আমি পান্না কায়সারের চরিত্রে অভিনয় করছি। গত বৃহস্পতিবার শমী আপু (শমী কায়সার) বললেন, ‘তোমাদের তো শুক্রবার ও শনিবার শুটিং নেই। তাহলে রেডি থেকো, তোমাদেরকে আম্মার সঙ্গে দেখা করতে নিয়ে যাব।’ শুনেই তো আমি ভীষণ এক্সাইটেড। মহীয়সী নারী শ্রদ্ধেয় পান্না কায়সারের সঙ্গে দেখা করব!’’ ‘গত দুই মাস ধরে যাকে বই পড়ে, টেলিভিশনের বিভিন্ন ইন্টারভিউ থেকে জানার চেষ্টা করেছি, সেই মানুষটার সঙ্গে মুখোমুখি বসে গল্প করব। নানা অভিজ্ঞতা শুনব। আড্ডা দেব। জীবনের অন্যরকম একটা অভিজ্ঞতা হবে। অসাধারণ মুহূর্তের সাক্ষী হবো। আরো কত কি যে ভাবনা মনের মধ্যে। চাইলেই কি আর সব পূরণ হয়।’ বলেন মিম। পান্না কায়সারের মৃত্যুর খবর শুনে থমকে যান বিদ্যা সিনহা মিম। তা জানিয়ে এ অভিনেত্রী বলেন- ‘সকালবেলা এমন একটা খবর অপেক্ষা করছে ভাবিনি। ঘুম থেকে ওঠেই শুনি পান্না কায়সার আন্টি চিরদিনের জন্য আমাদের কাছ থেকে বিদায় নিয়েছেন। তার মৃত্যুর খবরে থমকে গেলাম; স্তব্ধ হলাম। কিছুদিন ধরে মনের মধ্যে লালন করা মহীয়সী পান্না কায়সারকে হারিয়ে মনে হচ্ছে, আমারই একজন আপনজনকে হারালাম।



# এবার একক অ্যালবামে বিটিএস তারকা ভি

**বিনোদন ডেস্ক :** আরএম, জিমিন, জাংকুকের পর এবার একক অ্যালবাম নিয়ে আসছেন বিটিএস তারকা ভি। মঙ্গলবার ভি’র এজেন্সি বিগহিট মিউজিকের বরাত দিয়ে বার্তা সংস্থা ইয়োনহ্যাপ জানিয়েছে কোরীয় সংগীত প্রযোজনা প্রতিষ্ঠান আডরের ব্যানারে ভি’র প্রথম একক অ্যালবামের কাজ চলছে। প্রথম একক অ্যালবাম প্রকাশের আগে চাপে ভুগলেও উচ্ছ্বাস প্রকাশ করেছেন ভি। বিটিএস এ তারকা বলেন, বিশাল চাপে থাকলেও আমি ভীষণ খুশি। অ্যালবামে আমার গানের নিজস্ব ছাপ থাকবে। বিটিএসের ভি’র তুলনায় একক অ্যালবামের ভিকে আলাদা করতে পারবেন শ্রোতারা। আশা করছি, অ্যালবামটি নিয়ে বিটিএস আর্মিরা খুশি হবেন। একক ক্যারিয়ারে মনোযোগ দিতে গত বছর জুনে বিটিএস থেকে সাময়িক বিরতি নেন ভি, আরএমরা। সাত সদস্যদের ব্যান্ডটির ছয় সদস্য ইতোমধ্যে একক গান ও অ্যালবাম প্রকাশ করেছেন, শেষ সদস্য হিসেবে অ্যালবামের ঘোষণা দিলেন ভি।